ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২৬৯ ● কলকাতা ● ১২ আশ্বিন, ১৪৩০ ● শনিবার ● ৩০ সেপ্টেম্বর, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা



আবারও গুজব, অন্তঃসত্ত্বা নন ক্যাটরিনা — পৃঃ ৫



শচীনের ২৫ বছর আগের রেকর্ড ভাঙার বড় সুযোগ শুভমানের — পৃঃ ৬

## চীন এবং পাকিস্তানের মিলিটারিদের

# গোপন তথ্য হাতে পেতে কি ধরনের চুক্তি করা হচ্ছে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কিছুদিন আগেই ভারত আমেরিকার সাথে বেকা চুক্তি সম্পন্ন করেছে। আর তার ফলে যে চীন এবং পাকিস্তানের মতো দেশের বিরুদ্ধে যে এডভান্টেজ পাবে ভারতবর্ষ তা বলাই বাহুল্য। তার প্রধান কারন হল এই যে আমেরিকার হাতে থাকা প্রায় ৩০০০ এর কাছাকাছি স্যাটেলাইটের মধ্যে প্রচুর স্যাটেলাইটের সাহায্য পাবে।এর পর আসে কমিউনিকেশন কম্পটিবিলিটি এন্ড সিকিউরিটি এগ্রিমেন্ট অত্যাধুনিক যুদ্ধাস্ত্র ও যোগাযোগ সামগ্রী ভারত ব্যবহার করার এবং ক্রয় করার অধিকার প্রাপ্ত হয়। সঙ্গে ২০১৮ সালের ডিসেম্বর মাসে দুই দেশের মধ্যে এক ইন্ডাস্ট্রিয়াল এক্ট সাক্ষর হয় , ফলে দুই দেশ সামরিক বোঝা পড়া ,সিকিউর কমিউনিকেশান এবং ইনফরমেশন শেয়ার করতে সমর্থ হবে। সঙ্গে ২০১৬ সালে যুক্তরাষ্ট্রে ভারত কে তার অন্যতম প্রধান সামরিক সহযোগী ঘোষণা এবং নাতো দেশের সমান মর্যাদা প্রাপ্ত দেশ ঘোষণা করা এই প্রক্রিয়ায় গতি এনেছে।ভারত এবং আমেরিকার ২+২ ডায়লগ এক বাতসরিক অনুষ্ঠান এতে দুই দেশের বিদেশ ও প্রতিরক্ষা মন্ত্রীরা অংশ নিয়েছিলেন যুক্তরাষ্ট্রের ফরেন সেক্রেটারি মাইক পম্পেও ও ডিফেন্স

এরপর ৩ পাতায়

## সংসদে পাস হওয়া মহিলা সংরক্ষণ বিলে

# এবার সই করবেন রাষ্ট্রপতি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সংসদের বিশেষ অধিবেশনে পাস হওয়া মহিলা সংরক্ষণ বিলে স্বাক্ষর করলেন রাজ্যসভার চেয়ারম্যান তথা উপরাষ্ট্রপতি জগদীপ ধনকর।

এবার বিলটি পাঠানো হবে রাষ্ট্রপতিকে। তিনি অনুমোদন দিলেই বিলটি আইনে পরিণত হবে।

গত ২৭ বছর ধরে এই বিলটি সংসদে আটকে ছিল। এদিন বিলের পক্ষে বক্তৃতা করতে গিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানান, এর আগে চারবার বিলটি লোকসভায় পেশ করা হয়েছে। তাঁর আবেদন ছিল, এবার অন্তত বিলটি সর্বসম্মতভাবে পাস করানো হোক।

এদিন অধিবেশনের শুরুতেই মহিলা সংরক্ষণ বিল নিয়ে বিতর্কের শুরু হয় কংগ্রেস সাংসদ তথা প্রাক্তন কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধির হাত ধরে। এই বিল নিয়ে খানিক স্মৃতিমেদুর হয়ে পড়েন তিনি। আগেই ঘোষণা করা হয়েছিল, কংগ্রেস এই বিষয়ে পূর্ণ সমর্থন করবে, সেই মতই বক্তব্য রাখেন তিনি। বলেন, এই বিষয়ে তাঁর পূর্ণ সমর্থন রয়েছে। অর্থাত মোদি সরকারের আনা 'নারী শক্তি বন্দন অধিনয়ম ২০২৩' বিলকে সমর্থন করেন তিনি, পাশাপাশি বলেন, এটি যেন এখনই কার্যকর করা হয়।এক সপ্তাহ আগেই শেষ হয়েছে সংসদের বিশেষ অধিবেশন। এবারের বিশেষ অধিবেশনে মহিলা সংরক্ষণ বিল উভয় কক্ষেই ঐক্যমতের ভিত্তিতে পাস হয়।মহিলা সংরক্ষণ বিলে লোকসভা ও রাজ্য বিধানসভায় মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণের উল্লেখ করা হয়।

গত ২০ সেপ্টেম্বর লোকসভায় বিলটি পাস হয়। ৪৫৪ জন সাংসদ বিলের পক্ষে ভোট দেন। বিপক্ষে ভোট দেন মাত্র ২ জন। আলোচনা শেষে সন্ধে ৭টা ৬ মিনিট নাগাদ এই বিল নিয়ে ভোটাভুটি শুরু হয়। ৭টা

এরপর ৩ পাতায়

## আগামী ৩ অক্টোবর তদন্ত প্রক্রিয়া

# যেন বাধা না পায়, ইডির অধিকর্তাকে নির্দেশ আদালতের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইডি দফতরে নয়, আগামী ৩ অক্টোবর রাজ্যের দাবি আদায়ে দিল্লিতে দলের কর্মসূচিতে অংশগ্রহণ করবেন বলে জানিয়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। সেদিন যাতে কোনও ভাবেই তদন্ত ক্ষতিগ্রস্ত না হয় তা নিশ্চিত করার দায়িত্ব দিলেন EDকে। সেজন্য যে কোনও পদক্ষে সংস্থাটি গ্রহণ করতে পারবে বলেও নির্দেশ দিয়েছেন বিচারপতি অমৃতা সিনহা। এদিন ইডির তালিকায় থাকা ২ অভিযুক্তের নাম পড়তে অস্বীকার করেন সংস্থার আইনজীবী। তিনি বলেন, আমাদের আধিকারিকরা কেন্দ্রীয় নিরাপত্তা পান না। এর পর আদালত তাঁকে প্রশ্ন করে, আপনারা কি কেন্দ্রীয় নিরাপত্তা চাইছেন? জবাবে ইডির আইনজীবী বলেন, 'সেটা আধিকারিকদের সঙ্গে কথা বলে বলতে পারব।'

আদালতের এই নির্দেশে অভিষেকের অস্বস্তি বাড়ল বলে মনে করা হচ্ছে।

শুক্রবার বিকেলে কলকাতা হাইকোর্টে প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলার শুনানি চলাকালীন মামলাকারীদের আইনজীবী বিকাশরঞ্জন

এরপর ৩ পাতায়







## Boult ২৫০০টিরও বেশি স্টোর সহ

### ভারতের ১৩টি রাজ্য জুড়ে রিটেল ব্যবসাকে সম্প্রসারিত করার উদ্যোগ গ্রহণ করেছে

**Boult-এর অফলাইন উপস্থিতি গ্রাহকদের জন্য বিভিন্ন উদ্ভাবনীমূলক ওয়্যারেবল প্রোডাক্ট নিয়ে আসবে গ্রাহক এখন তাঁর সবচেয়ে কাছের রিটেল স্টোরে প্রিমিয়াম স্মার্টওয়াচ, ইয়ারবাড এবং নেকব্যান্ডের নানাবিধ রেঞ্জের প্রোডাক্টের মধ্য থেকে বেছে নিতে পারবেন**




**Kolkata, 29th September 2023: নিউজ সারাদিন** : ভারতে সবচেয়ে দ্রুত বেড়ে ওঠা, ওয়্যারেবল বা পরিধানযোগ্য ব্র্যান্ড, BOULT, বর্তমানে ভারতের ১৩টি রাজ্য জুড়ে অফলাইনে রিটেল বাজারে তার ব্যবসার সম্প্রসারণের কৌশল গ্রহণ করার কথা ঘোষণা করেছে। এই গতিশীল পদক্ষেপটি Boult-এর একটি অতি-সক্রিয় সম্প্রসারণ এবং বৃদ্ধির পরিকল্পনার সাথে সম্পূর্ণভাবে সামঞ্জস্যপূর্ণ, কারণ ব্র্যান্ডের সূচনালগ্ন থেকেই সংস্থার বিবিধ প্রোডাক্ট অসাধারণ সাফল্যের স্বাক্ষর রেখেছে। এই প্রক্রিয়ার মূল লক্ষ্য হল Boult-এর প্রিমিয়াম অডিও এবং পরিধানযোগ্য প্রোডাক্টকে গ্রাহক তথা উপভোক্তা, প্রযুক্তির ব্যাপারে অত্যুৎসাহী এবং ফিটনেস অনুরাগীদের একটি প্ল্যাটফর্মে নিয়ে আসা এবং সংশ্লিষ্ট অভিজ্ঞতাগুলিকে নতুন করে সাজিয়ে গ্রাহকের জন্য ব্যান্ডের প্রতিশ্রুতিকে পুনরায় সুনিশ্চিত ভিত্তির উপরে স্থাপন করা।

অফলাইন রিটেলে Boult-এর ব্যবসার সম্প্রসারণের ক্ষেত্রে গুজরাট, তামিলনাড়ু, কর্ণাটক, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, তেলেঙ্গানা, বিহার, কলকাতা, যোধপুর, জলন্ধর, কাশ্মীর এবং জম্মুর কথা বিশেষভাবে উল্লেখ করা যায়। সংস্থার পক্ষ থেকে কৌশলগতভাবে এইসব অঞ্চলের গ্রাহকদের কাছে পৌঁছানোর প্রয়াস করা হচ্ছে।

প্রথম পর্যায়ে, Boult-এর গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ২৫০০টিরও বেশি অফলাইন স্টোরের একটি শক্তিশালী নেটওয়ার্কের সাথে ব্যবসার সম্প্রসারণের কাজ শুরু করা হবে এবং দ্বিতীয় পর্বে আরও বড় পরিধিতে সম্প্রসারণের লক্ষ্য গ্রহণ করা হবে। এইসব রিটেল আউটলেটে শুধুমাত্র নেকব্যান্ড, স্মার্টওয়াচ এবং বিভিন্ন ধরনের ইয়ারবাডের মতো Boult-এর বৈচিত্র্যময় প্রোডাক্টের পোর্টফোলিও প্রদর্শন করা হয় না, তার সাথে সাথেই গ্রাহকদের সবচেয়ে কাছের স্টোরগুলিতে সেইসব কোয়ালিটি ও উদ্ভাবন, একেবারে কাছ থেকে, ব্যক্তিগত পরিসরে ও নিজের মতো করে প্রত্যক্ষ করার সুযোগ দেয় যার জন্য Boult-এর সুনাম সুবিদিত।

Boult-এর সহ-প্রতিষ্ঠাতা বরুণ গুপ্তা, ব্র্যান্ডের অফলাইন সম্প্রসারণের বিষয়ে নিজের আবেগ ও আনন্দকে লুকিয়ে রাখেননি। তাঁর কথায়, "আমরা Boult-এর উদ্ভাবনীমূলক অডিও এবং ওয়্যারেবল প্রোডাক্টগুলিকে সমগ্র ভারত জুড়ে বিভিন্ন কমিউনিটির কাছাকাছি নিয়ে আসার ব্যাপারে অত্যন্ত উৎসাহের সাথে কাজ করে চলেছি। ব্যতিক্রমী অডিওর অভিজ্ঞতা প্রদানের জন্য আমাদের নিরলস পরিশ্রম ও আত্মত্যাগই আমাদের আরও নতুন কিছু করার প্রেরণা দেয়। ব্যবসার এই সম্প্রসারণ ভবিষ্যতের দিকে আমাদের পথ চলার প্রথম বড় পদক্ষেপ এবং গ্রাহকদের কাছ থেকে পাওয়া এই অভূতপূর্ব সমর্থনই আমাদের গ্রাহকের চাহিদা মেটানোর জন্য আরও কঠোর পরিশ্রম করতে অনুপ্রাণিত করে। গ্রাহকগণ এখন সহজেই সেইসব স্টোরে পৌঁছাতে পারবেন যেখানে Boult-এর প্রোডাক্ট নিজে হাতে করে পরখ করে দেখার অবিশ্বাস্য সুযোগ গ্রাহকদের জন্য অপেক্ষা করছে। অদূর ভবিষ্যতে আরও নতুন নতুন মাইলফলক অর্জনের জন্য আমরা সর্বদাই সামনের দিকে এগিয়ে চলেছি।"

ব্যবসার সম্প্রসারণের সবচেয়ে প্রাথমিক পর্যায়ে, Boult, ২৫০০টিরও বেশি অফলাইন স্টোরের সাথে পার্টনারশিপে আবদ্ধ হয়েছে যার মধ্যে রিলায়েন্স ডিজিটালের মতো বিখ্যাত ন্যাশনাল লার্জ ফর্ম্যাট রিটেলার (LFR) এবং SS Mobile এবং পূজারা ফোনওয়ালে, পূর্বিকা, চেন্নাই মোবাইল, সুপ্রিম, বিগ সি, সুখী এবং অন্যান্যর মতো আঞ্চলিক লার্জ ফর্ম্যাট রিটেলার (LFR)। রিটেল দুনিয়ার এইসব সংস্থা টপ কোয়ালিটির প্রোডাক্ট অফার করার জন্য তাদের অনলস পরিশ্রমের জন্য বিখ্যাত, যা Boult-এর উদ্ভাবনী প্রযুক্তি সংক্রান্ত সমাধান অনেক বড় পরিসরে গ্রাহক তথা দর্শকের কাছে সহজেই অ্যাক্সেসযোগ্য করার ব্যাপারে নিশ্চয়তা প্রদান করে।

Boult-এর অভিযান প্রাথমিকভাবে ২০১৭ সালে ই-কমার্স সম্পর্কিত ব্যবসাকে কেন্দ্র করে শুরু হলেও, বর্তমানে এই সংস্থা ভারত জুড়ে গ্রাহকদের বিভিন্ন চাহিদা মেটাতে সমর্থ হয়েছে। অফলাইন রিটেল স্পেসে ব্যবসার এই সম্প্রসারণ সমাজের সমস্ত স্তরের গ্রাহকদের কাছে পৌঁছানোর জন্য Boult-এর প্রতিশ্রুতির প্রমাণ। মাত্র ছয় বছরের ব্যবধানে, Boult ভারতের দ্রুত বেড়ে ওঠা ওয়্যারেবল ব্র্যান্ডের মধ্যে অন্যতম একটি ব্র্যান্ড হতে সক্ষম হয়েছে। সংস্থার বিক্রির এই অভূতপূর্ব পরিসংখ্যান এবং প্রমুখ ই-কমার্স প্ল্যাটফর্মে বিশেষভাবে উল্লেখযোগ্য ২ মিলিয়ন প্লাস ৪+ তারকা রেটিং প্রদানের মাধ্যমে ব্র্যান্ডের এই অনলাইন সাফল্যকে সূচিত করা সম্ভব হয়েছে। Boult অডিও শিল্পে মার্কেট শেয়ারে #২ নম্বর স্থানে উঠে এসেছে এবং আট মাসের কম সময়ের মধ্যে ভারতীয় স্মার্টওয়াচ সেক্টরে বিশেষভাবে নজরকাড়া #৪ নম্বর র‍্যাঙ্কিং অধিকার করতে সক্ষম হয়েছে। সর্বোপরি, প্রতি বছরের হিসাবে ব্র্যান্ডটি ধারাবাহিকভাবে ১০০% বৃদ্ধির হার বজায় রেখেছে।

এছাড়াও, Boult-এর ব্র্যান্ড, বিভিন্ন ধরনের অনলাইন চ্যানেল জুড়ে একটি সুদৃঢ় তথা শক্তপোক্ত উপস্থিতি প্রতিষ্ঠা করতে পেরেছে যার মধ্যে Amazon, Flipcart, Myntra, Tata CLiQ, Nykaa I Paytm-এর নাম বিশেষ উল্লেখযোগ্য এবং ইউরোপ, ব্রিটিশ যুক্তরাজ্য ও মার্কিন যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক বাজারেও ব্র্যান্ড তার উপস্থিতির স্বাক্ষর রাখতে পেরেছে।

## সিম্বায়োসিস এমবিএ রেজিস্ট্রেশনের জন্য স্ন্যাপ ২০২৩

### এখন উন্মুক্ত: আনুষ্ঠানিক সূচনা ঘোষণা করা হয়েছে




**Kolkata, 29th September 2023 : নিউজ সারাদিন** : সিম্বিওসিস ন্যাশনাল অ্যাপটিটিউড টেস্ট (স্ন্যাপ) ২০২৩, ভারতে গইঅ প্রোগ্রামগুলির একটি অত্যন্ত সম্মানিত গেটওয়ে, যেটি আনুষ্ঠানিকভাবে আসন্ন বছরের জন্য তার গুরুত্বপূর্ণ তারিখগুলি প্রকাশ করেছে। স্ন্যাপ ২০২৩-এর নিবন্ধন ২৩ আগস্ট, ২০২৩-এ শুরু হয়েছিল এবং ২৩ নভেম্বর, ২০২৩-এ বন্ধ হতে চলেছে।

একই সাথে, স্ন্যাপ পরীক্ষার জন্য প্রবেশপত্রগুলি নির্দিষ্ট তারিখে শুধুমাত্র অফিসিয়াল স্ন্যাপ ওয়েবসাইট, www.snaptest.org-এর মাধ্যমে অ্যাক্সেসযোগ্য হবে: স্ন্যাপ টেস্ট ০১ এবং ০৯ ডিসেম্বর, ২০২৩-এর জন্য ডিসেম্বর ০৪, ২০২৩ (সোমবার) স্ন্যাপ টেস্ট ০২ এবং স্ন্যাপ টেস্ট ০৩-এর জন্য (শনিবার)। স্ন্যাপ ২০২৩-এর নিবন্ধন ও অর্থপ্রদানের শেষ তারিখ হল নভেম্বর ২৩, ২০২৩।

২০২৩ সালের জন্য স্ন্যাপ কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা (CBT) তিনটি পৃথক তারিখে নির্ধারিত হয়েছে: ডিসেম্বর ১০, ২০২৩ (রবিবার), ১৭ ডিসেম্বর, ২০২৩ (রবিবার), এবং ২২ ডিসেম্বর, ২০২৩ (শুক্রবার)। স্ন্যাপ ২০২৩ পরীক্ষার ফলাফলের উচ্চ প্রত্যাশিত ঘোষণা করা হবে ১০ জানুয়ারী, ২০২৪ (বুধবার)।

স্ন্যাপ শিক্ষার্থীদের ২৬টি বিভিন্ন গইঅ প্রোগ্রাম সমন্বিত ১৬টি বিশিষ্ট বি-স্কুলে আবেদন করার সুযোগ দেয়। স্ন্যাপ-এর মাধ্যমে প্রার্থীদের স্বাগত জানানো সম্মানিত প্রতিষ্ঠানগুলির মধ্যে রয়েছে এসআইবিএম পুনে, এসআইসিএসআর, এসআইএমসি, এসআইআইবি, এসসিএমএইচআরডি, এসআইএমএস, এসআইডিটিএম, এসসিআইটি, এসআইওএম, এসআইএইচএস, এসআইবিএম বেঙ্গালুরু, এসএসবিএফ, এসআইবিএম হায়দ্রাবাদ, এসএসএসএস, এসআইবিএম নাগপুর, এবং এসআইবিএম নয়ডা, এরা সবাই একটি বিস্তৃত শিক্ষাগত ক্ষেত্রের সম্ভাবনাকে উপস্থিত করে।

স্ন্যাপ ২০২৩-এ অংশগ্রহণ করতে আগ্রহী প্রার্থীদের ব্যাপক তথ্য, বিশদ যোগ্যতার মানদণ্ড এবং একটি সুবিন্যস্ত রেজিস্ট্রেশন প্রক্রিয়ার জন্য অফিসিয়াল স্ন্যাপ ওয়েবসাইট, www. snaptest.org খুঁজে দেখার জন্য উৎসাহিত করা হচ্ছে। উপরন্তু, এটা মনে রাখা জরুরী যে পরীক্ষার শহর এবং পরীক্ষার তারিখ যে আগে আসবে সে আগে সুযোগ পাবে এই ভিত্তিতে নির্ধারিত হয়। স্ন্যাপ-এর জন্য যোগ্যতা অর্জন করতে, প্রার্থীদের অবশ্যই একটি স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা জাতীয় গুরুত্বের একটি প্রতিষ্ঠান থেকে স্নাতক ডিগ্রি থাকতে হবে। তাদের স্নাতক অধ্যয়নের সময় কমপক্ষে ৫০% নম্বর (তফসিলি জাতি/তফসিলি উপজাতিদের জন্য ৪৫%) অর্জন করা উচিত।

স্নাতক অধ্যয়নের শেষ বর্ষের প্রার্থীরাও আবেদন করতে পারেন, তবে ভর্তি তাদের চূড়ান্ত পরীক্ষায় প্রয়োজনীয় ন্যূনতম নম্বর পাওয়ার উপর নির্ভরশীল। যদি একজন প্রার্থীর একটি বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে পাওয়া যোগ্যতা থাকে, তাহলে তাদের অবশ্যই স্ন্যাপ-এর জন্য যোগ্যতার মানদণ্ড পূরণের জন্য অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটি (AIU) থেকে একটি সমতুল্য শংসাপত্র পেতে হবে।

স্ন্যাপ সিমবায়োসিস ইন্টারন্যাশনাল (ডিমড ইউনিভার্সিটি) এর সাথে অধিভুক্ত অসংখ্য মর্যাদাপূর্ণ ম্যানেজমেন্ট ইনস্টিটিউটের গেটওয়ে হিসেবে কাজ করে, যা এমবিএ প্রোগ্রামের বিভিন্ন স্পেকট্রামে অ্যাক্সেস প্রদান করে। এটি উচ্চাকাঙ্ক্ষী পেশাদারদের ব্যবসা এবং ম্যানেজমেন্টের গতিশীল ক্ষেত্রে একটি সফল ক্যারিয়ারের দিকে এগিয়ে যাওয়ার জন্য সক্ষম করে।

স্ন্যাপ সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে দেখুন www.snaptest.org.

## মেট্রোর ভেতরে তথ্য ও বিনোদনমূলক

### অনুষ্ঠান পরিবেশনের ব্যবস্থা

**কলকাতা, ২৯ সেপ্টেম্বর, ২০২৩ : নিউজ সারাদিন** : কলকাতা মেট্রোর আরেকটি যাত্রী-বান্ধব উদ্যোগ আজ থেকে চালু হ'ল। উত্তর-দক্ষিণ মেট্রোর মেধা রেকগুলির ডিজিটাল স্ক্রিনে এতদিন শুধুমাত্র স্টেশনের নাম ও যাত্রাপথ দেখানো হতো। এবার থেকে সেগুলিতে কার্টুন শো-এর মতো বিভিন্ন তথ্য ও বিনোদনমূলক অনুষ্ঠান পরিবেশন করা হবে। আজ থেকেই নতুন এই উদ্যোগ শুরু হয়েছে। এতে মেট্রোর যাত্রীরা একঘেঁয়েমি থেকে মুক্তি পাবেন, মেট্রো যাত্রা তাঁদের কাছে আরও উপভোগ্য হয়ে উঠবে। যাত্রীরা যে এই উদ্যোগে কতটা আনন্দ পেয়েছেন, তা প্রথম দিনেই তাঁদের আচরণ থেকে স্পষ্ট হয়ে উঠেছে। উত্তর-দক্ষিণ মেট্রোতে নিয়মিত যাতায়াতকারী ছাত্রছাত্রীদের অভিভাবকরা এই উদ্যোগের ভুয়সী প্রশংসা করেছেন। মেট্রো রেল কর্তৃপক্ষ জানিয়েছে যে, অনেকেই তাদের ধন্যবাদ জানিয়ে ফোন করছেন। মেট্রোতে এমন উদ্যোগ এই প্রথম। এতে পড়ুয়ারা তাদের ব্যস্ত রুটিনের মধ্যেও স্কুল থেকে বাড়ি ফেরার পথে টম অ্যান্ড জেরির সঙ্গে কিছুটা সময় কাটাবার সুযোগ পাবে। নানা চিন্তাভাবনার মধ্যে থাকা প্রাপ্তবয়স্করাও মেট্রোতে নির্ভার চাপমুক্ত কিছুটা সময় কাটাবার সুযোগ পাবেন।

চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে। সব রাজ্যে, সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

## দুবাইতে পথ বিরতি:

### যাত্রাবিরতি যাত্রীদের অভিজ্ঞতা দেখুন



**Kolkata, 11th September 2023: নিউজ সারাদিন** : আপনার বিশ্বব্যাপী ভ্রমণের সময় দুবাই ঘুরে যান এবং আপনার ভ্রমণকে একটি ছোট ছুটিতে পরিণত করুন। সীমাহীন জিনিসগুলি সহ একাধিক ফ্লাইট পাথে সুবিধাজনকভাবে অবস্থিত, দুবাই আদর্শ পথে বিরতি গন্তব্য হিসাবে দাঁড়িয়ে আছে। বিশ্বের জনসংখ্যার দুই-তৃতীয়াংশ দুবাইয়ের আট ঘন্টার ফ্লাইটের মধ্যে অবস্থিত, এতে অবাক হওয়ার কিছু নেই যে মহানগরটি ব্যস্ততম ভ্রমণ এবং সংযোগ কেন্দ্র গুলির মধ্যে একটি এবং অবস্থানের ছুটির জন্য একটি ক্রমবর্ধমান গন্তব্য।

আপনার ভ্রমণপথে মাত্র এক রাত বা কয়েক দিন থাকুক না কেন, আপনি সহজেই আপনার যাত্রায় একটি বিরতি বুক করতে পারেন এবং রৌদ্রতুল্য শহরের দর্শনীয় স্থান এবং শব্দগুলি, সুন্দর সৈকত থেকে রেকর্ড-ব্রেকিং আকর্ষণগুলি অনুসন্ধান করতে পারেন। একটি আন্তর্জাতিক পর্যটন হটস্পট, শহরটি সহজেই অ্যাক্সেসযোগ্য এবং নিরাপদ এবং দ্রুত যাত্রা বা দর্শনীয় দু: সাহসিক কাজ করার জন্য অনেক বিখ্যাত ল্যান্ডমার্ক অফার করে।

বিলাসবহুল মল, অনন্য শিল্প ও প্রযুক্তি মিউজিয়াম, সুক থেকে মিশেলিন-স্টার ডাইনিং পর্যন্ত আপনার থাকার সময় দুবাইয়ের বিভিন্ন দিক ঘুরে দেখুন।

তাদের মধ্যে অন্যতম জায়গা হল কফি মিউজিয়াম, ভবিষ্যতের মিউজিয়াম,দুবাই মল, আল ফাহিদি ঐতিহাসিক পাড়া, মট ৩২ দুবাই চাইনিজ খাবারের জন্য একটি আধুনিক এপ্রোচ।




## জায়ান্ট কমিশনার রেভিনিউ

### অনুপম হালদারের ফটোগ্রাফি প্রদর্শনী শুরু



**জগদীশ য়াদব : কলকাতা : নিউজ সারাদিন** : একাডেমি অফ ফাইন আর্টসে ক্রিয়েটিভ ফটোগ্রাফি প্রদর্শনী পুরোদমে চলছে। এখানে জায়ান্ট কমিশনার রেভিনিউ অনুপম হালদারের ছবির প্রদর্শনীর উদ্বোধন করেন অভিনেতা-অভিনেত্রী বিশ্বজিৎ চক্রবর্তী, অনামিকা সাহা এবং ফটোগ্রাফার সুজিত কুমার। প্রদর্শনী গ্যালারিতে অনুপম হালদারের ১২৫টি ফটো মানুষের দৃষ্টি আকর্ষণ করছে। নারী শক্তিকে তুলে ধরে তার ফটোগ্রাফির প্রশংসা করছে মানুষ। নারী শক্তির প্রাধান্য দিতে এবারে তার ভাবনা এই ফটোগ্ৰাফি। এ ছাড়া আলোকচিত্রের মাধ্যমে প্রকৃতির সৌন্দর্য ও সমাজের কল্যাণের অনেক ফটো প্রদর্শনী গ্যালারিতে দৃষ্টি আকর্ষণ করছে। ডব্লিউবিসিএস অনুপম হালদার তার ফটোগ্রাফির জন্য বিভিন্ন পুরস্কার পেয়েছেন। অনুপম হালদার জানান, এই প্রদর্শনী চলবে দশ দিন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাদুকর পিসি সরকার জুনিয়রের মেয়ে মৌবনি সরকার এবং অনুপমের স্ত্রী ও ডব্লিউবিসিএস অফিসার পাপ্পালি মুন্সি।



১-ম পাতার পর

# আগামী ৩ অক্টোবর তদন্ত প্রক্রিয়া যেন বাধা না পায়, ইডির অধিকর্তাকে নির্দেশ আদালতের

ভট্টাচার্য বলেন, ৩ অক্টোবর অভিষেক বন্দ্যোপাধ্যায়কে তলব করেছে ইডি। ফলে তদন্তকারী আধিকারিককে অপসারণের ফলে তদন্তে প্রভাব পড়তে পারে।

এই সওয়ালের ভিত্তিতে বিচারপতি সিনহা নির্দেশে বলেন, তদন্তের স্বার্থে ৩ অক্টোবর বেশ কিছু সমন জারি করা হয়েছে। তদন্ত এগিয়ে নিয়ে যেতে তদন্তকারী আধিকারিকরা যথাযথ পদক্ষেপ করবেন যাতে যত দ্রুত সম্ভব জেরা করা যায়। ED-র ডিরেক্টরকে এব্যাপারে জরুরি পদক্ষেপ করতে নির্দেশ দেওয়া হচ্ছে। যাতে ৩ অক্টোবর তদন্তেপ্রক্রিয়া ব্যহত না হয়।

১-ম পাতার পর

# সংসদে পাস হওয়া মহিলা সংরক্ষণ বিলে এবার সই করবেন রাষ্ট্রপতি

৩৯ মিনিটেই ভোটাভুটির ফল ঘোষণা করেন অধ্যক্ষ। সংসদের বিশেষ অধিবেশন চলাকালীন পেশ করা হয় 'নারী শক্তি বন্দন অধিনিয়াম' বিল। এর মাধ্যমে লোকসভা ও রাজ্য বিধানসভায় মহিলা রাজনীতিকদের জন্য ৩৩ শতাংশ সংরক্ষণের প্রস্তাব করা হয়। ডিলিমিটেশন নিয়মাবলি প্রয়োগের পরে এই আইন কার্যকর হতে পারে বলে জানা গিয়েছে। কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল নতুন সংসদ ভবনের লোকসভা অধিবেশনে বিলটি বিশেষ অধিবেশনের দ্বিতীয় দিনে পেশ করেছিলেন।

১-ম পাতার পর

# চীন এবং পাকিস্তানের মিলিটারিদের গোপন তথ্য হাতে পেতে কি ধরনের চুক্তি করা হচ্ছে

সেক্রেটারি মার্ক টি এসপার বিদেশ সচিব এস জয়শঙ্কর ও প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এর উপস্থিতি তে এই চুক্তি স্বাক্ষর হয়।কেন এই চুক্তি গুরুত্বপূর্ণ তা আলোচনা করা হল।

প্রথমে ভারত এই চুক্তির দ্বারা বিশ্বব্যাপী ছড়ান নজরদারি উপগ্রহ নেটওয়ার্ক গ্রিড এর ফলে যোগ দিল। অর্থাৎ এরপর থেকে শত্রুর অবস্থান এবং মুভমেন্টের প্রতি পদক্ষেপে পৃথিবীর যেকোন প্রান্তে ভারতের হাতে চলে আসবে। ওই চুক্তির বলে জিও পলিটিক্যাল ইন্টেলিজেন্স, স্যাটেলাইট মানচিত্রে ও ছবি এবং ভিডিও সামরিক লখবস্তুর সব কিছু ভারতবর্ষ পাবে। অর্থাৎ বেসিক এক্সচেঞ্জ এন্ড কো অপারেশন এগ্রিমেন্ট।

এর ফলে স্যাটেলাইট মানচিত্রে প্রতি মুহূর্তে ভারতের কাছে পৌঁছবে লখবস্তুর পুঙ্খানুপুঙ্খ সমেত। যার ফলে শত্রুপক্ষের বিমান ড্রোন বা মিসাইল হামলা নিখুঁত ভাবে শনাক্ত করতে সহায়তা করবে।

চুক্তি হল ভারত এবং আমেরিকার মধ্যে হওয়া তৃতীয় গুরুত্বপূর্ণ চুক্তি। প্রথমটি হল (লজিস্টিকস এক্সচেঞ্জ মেমরানদাম অফ আন্ডারস্ট্যান্ডিং) এর ফলে দুই দেশের সেনা পোর্ট ভিজিট এক্সারসাইজ রাস্তা খুলে যায়। ২০১৬ সালের আগস্ট মাসে এই চুক্তির ফলে জ্বালানি এবং অন্যান্য সামগ্রী আদান প্রদান করা হয়ে থাকে।

# খড়গপুর গোলবাজারে সোনার দোকানে ডাকাতির ঘটনায়

## পাঁচ জন দুষ্কৃতিকে গ্রেফতার করলো ঝাড়গ্রাম জেলা পুলিশ

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম : নিউজ সারাদিন :** খড়গপুর গোলবাজারে সোনার দোকানে শুক্রবার ডাকাতির ঘটনায় পাঁচ জন দুষ্কৃতিকে গ্রেফতার করলো ঝাড়গ্রাম জেলা পুলিশ। জানা গেছে খড়গপুরের গোলবাজারে একটি সোনার দোকানে আগ্নেয়াস্ত্র দেখিয়ে ডাকাতের দল ডাকাতি চালায়। বাধা দিতে গেলে এলোপাথাড়ি সোনা দোকানের মধ্যে গুলি চালায়। ডাকাতির পর সেখান থেকে তারা চম্পট দিলে তাদেরকে ধাওয়া করে পশ্চিম মেদিনীপুর জেলা পুলিশ ও খড়গপুর লোকাল থানার পুলিশ। পশ্চিম মেদিনীপুর জেলা পুলিশের পক্ষ থেকে ঝাড়গ্রাম জেলা পুলিশকে জানানো হয় ডাকাত দলটি ঝাড়গ্রামের দিকে প্রবেশ করতে পারে। সেই মতো ঝাড়গ্রাম জেলা পুলিশ গোপন সূত্রে জানতে পারে ডাকাত দলটি জাতীয় সড়ক ধরে গোপীবল্লভপুরের উপর দিয়ে উড়িষ্যা রাজ্যে পালিয়ে যেতে পারে। খবর পেয়ে গোপীবল্লভপুর থানার আই.



সি. সুদীপ ব্যানার্জী পুলিশ কর্মীদের নিয়ে গোপীল্লভপুরে ব্রিজের উপর নাকা চেকিং করে দুষ্কৃতিদের গাড়িকে দাঁড় করাতে গেলে গোপীবল্লবপুর থানার একজন পুলিশ কর্মীর উপর হামলা চালিয়ে গাড়ি নিয়ে পালায় দুষ্কৃতিরা। ওই ঘটনায় গোপীবল্লভপুর থানার একজন পুলিশ কর্মী আহত হয়। এরপর পুলিশ গাড়ি টিকে ধাওয়া করলে পাল্টা গাড়িটি ঘুরিয়ে বেলিয়াবেড়িয়া থানার রান্টুয়া এলাকার দিকে চলে যায়। রান্টুয়াতে গাড়িটি কে পুলিশ ঘিরে ফেললে তারা গাড়ি ফেলে পালালেও গোটা এলাকা পুলিশ ঘিরে রাখে। এরপর ধান চাষের জমিতে দিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে দুষ্কৃতীরা। শেষমেশ ধান চাষের জমিতে ড্রোন চালিয়ে চলে দুষ্কৃতীদের খোঁজ। অতিরিক্ত পুলিশ সুপার অপারেশন উত্তম ঘোষ ও হেডকোয়ার্টার কল্যান সরকার, গোপীবল্লভপুরের এস.ডি.পি.ও কৃষ্ণগোপাল মিনার নেতৃত্বে দুটি পৃথক দল ধান চাষের জমিতে তল্লাশি চালায় তাতেই প্রথমে গ্রেফতার ২জন। পরে আরো ৩ জনকে রান্টুয়া থেকে কিছুটা দূরে পাইকাম্বি গ্রামে ধান চাষের জমি থেকে গ্রেফতার করা হয়। অর্থাৎ গাড়ির ড্রাইভার সহ পাঁচ জনকেই গ্রেপ্তার করা হয়েছে। গাড়ি থেকে উদ্ধার হয় আগ্নেয়অস্ত্র। পাঁচ দুষ্কৃতীদের গ্রেফতার করে নিয়ে আসা হয় গোপীবল্লভপুর থানায়। সেখান থেকে তাদেরকে তুলে দেওয়া হয় মেদিনীপুর জেলা পুলিশের হাতে। ওই সময় ঘটনাস্থলে উপস্থিত ছিলেন পশ্চিম মেদিনীপুর জেলার পুলিশ আধিকারিকরা, গোপীবল্লভপুরের এসডিপিও কৃষ্ণ গোপাল মিনা, গোপীবল্লভপুর থানার আইসি সুদীপ ব্যানার্জি, বেলিয়াবেড়িয়া থানার ওসি সুদীপ পালোধী সহ অন্যান্য আধিকারিকরা। যে পাঁচজন দুষ্কৃতীকে পুলিশ গ্রেপ্তার করেছে তারা হলেন রসন কুমার, সুজিত কুমার, নবীন কুমার, প্রকাশ কুমার ও গৌরব সিং, এদের প্রত্যেকের বাড়ি বিহারের বৈশালী জেলায়।ঝাড়গ্রামের পুলিশ সুপার অরিজিত সিনহা বলেন এটা ঝাড়গ্রাম জেলা পুলিশের বড় সাফল্য। তিনি আরও বলেন যে অভিযুক্ত ধৃত পাঁচ জন সহ উদ্ধার হওয়া গাড়ী সমেত সব কিছুই পশ্চিম মেদিনীপুর জেলার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। এছাড়াও ডাকাত দলকে ধরার জন্য ঝাড়গ্রাম পুলিশের যে বিশেষ টিম অপারেশন চালিয়েছে তাদেরকে ৬০ হাজার টাকা পুরস্কৃত করা হবে ঝাড়গ্রাম জেলা পুলিশের পক্ষ থেকে।

# বিজেপি সাংসদ মেনকাকে ১০০ কোটির মানহানির মামলার নোটিস ইসকনের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিজেপি সাংসদ তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী মেনকা গান্ধীকে ১০০ কোটি টাকার মানহানি মামলার নোটিস পাঠাল ইসকন (ইন্টারন্যাশনাল সোসাইটি ফর কৃষ্ণ কনসাশনেস)। প্রতিষ্ঠানের তরফে শুক্রবার জানানো হয়েছে, তাদের পরিচালিত গোশালাগুলি থেকে গোপনে কসাইদের গরু বিক্রি করা হয় বলে মেনকার মন্তব্যের একটি ভিডিয়ো সমাজমাধ্যমে ভাইরাল হয়েছে।বুধবার মেনকা অভিযোগ করেছিলেন অন্ধ্রপ্রদেশের অনন্তপুরে ইসকন পরিচালিত গোশালায় গিয়ে তিনি একটিও গরু খুঁজে পাননি। এর পরেই তিনি বলেন, "ইসকন দেশের সবচেয়ে বড় প্রতারক। তারা গোশালা চালানোর জন্য সরকারি সুবিধা নেয়। আর সেই গোশালার গরু কসাইদের কাছে বিক্রি করে। অনন্তপুরের গোশালার সব গরুকে এ ভাবেই বিক্রি করে দেওয়া হয়েছে।" তারই জবাবে এ বার আইনি নোটিস পাঠাল আন্তর্জাতিক ধর্মীয় প্রতিষ্ঠান ইসকন। তারই জেরে এই নোটিস।

ইসকনের সহ-সভাপতি রাধারমন দাস শুক্রবার বলেন, "ইসকনের বিরুদ্ধে সম্পূর্ণ ভিত্তিহীন অভিযোগ করার জন্য আমরা মানেকা গান্ধীকে আইনি নোটিস পাঠিয়েছি। ওই নোটিসে তাঁর বিরুদ্ধে কোটি টাকার মানহানির মামলা দায়ের করার হবে বলে জানানো হয়েছে।'' প্রসঙ্গত, উত্তরপ্রদেশের সুলতানপুরের সাংসদ মেনকা দীর্ঘ দিন ধরেই বন্যপ্রাণ এবং পশুরক্ষা আন্দোলনের সঙ্গে যুক্ত।

# দেশের গ্রামীণ ও শহরাঞ্চল মিলিয়ে ৬ লক্ষ ৪০ হাজারেরও বেশি

## এলাকা শ্রমদানের জন্য চিহ্নিত করা হয়েছে: হরদীপ সিং পুরী

**নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর, ২০২৩ : নিউজ সারাদিন :** "এক তারিখ এক ঘণ্টা একসঙ্গে" প্রধানমন্ত্রীর এই আহ্বান সুনির্দিষ্টভাবে পরিচ্ছন্নতার সঙ্গে সম্পর্কিত- এটি হল স্বচ্ছতার লক্ষ্যে শ্রমদান। এটি শপথ গ্রহণ, দৌড়, রঙ্গোলি প্রতিযোগিতা, দেওয়াল চিত্র অঙ্কন বা পথনাটিকা নয়। এই শ্রমদান সারা দেশে পরিচ্ছন্নতা অভিযানের জন্য"-বললেন কেন্দ্রীয় আবাসন ও নগরোন্নয়ন এবং পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী শ্রী হরদীপ সিং পুরী। মন কি বাত-এর ১০৫তম পর্বে প্রধানমন্ত্রী, বাপুর জন্মজয়ন্তীর প্রাক্কালে আগামী ১ অক্টোবর সকাল ১০টায় এক ঘণ্টার জন্য নাগরিকদের স্বেচ্ছা শ্রমদানের আহ্বান জানিয়েছেন। এটাই হবে বাপুর প্রতি নাগরিকদের সমবেত "স্বচ্ছাঞ্জলী"। সর্বস্তরের নাগরিককে এই মেগা পরিচ্ছন্নতা অভিযানে যোগ দিয়ে বাজার, রেললাইন, জলাশয়, পর্যটন স্থল, উপাসনা স্থলের মতো প্রকাশ্য জায়গাগুলিতে পরিচ্ছন্নতা সংক্রান্ত কর্মকাণ্ডে অংশগ্রহণ করার আবেদন জানানো হয়েছে।

"স্বচ্ছতা হি সেবা" কর্মসূচি প্রসঙ্গে সাংবাদিকদের সঙ্গে আলাপচারিতায় শ্রী পুরী জানান, দেশের গ্রামীণ ও শহরাঞ্চল মিলিয়ে ৬ লক্ষ ৪০ হাজারেরও বেশি এলাকাকে শ্রমদানের জন্য চিহ্নিত করা হয়েছে। এর আওতায় আবর্জনাপূর্ণ স্থান, রেললাইন ও স্টেশন, বিমান বন্দর ও সংলগ্ন এলাকা, জাতীয় ও রাজ্য মহাসড়কের বিভিন্ন অংশ, জলাশয়,বাজার- হাট, বস্তি এলাকা, আন্ডার ব্রিজ, বাজার এলাকা, অলিগলি, উপাসনা স্থল, পর্যটন স্থল, বাসস্ট্যান্ড/টোল প্লাজা, চিড়িয়াখানা ও বন্য প্রাণীদের আবাস স্থল, গোশালা, পাহাড়, সমুদ্র সৈকত, বন্দর, আবাসিক এলাকা, অঙ্গনওয়াড়ি, স্কুল/কলেজ- সবই রয়েছে। এই অভিযানের জন্য পুরসভা, গ্রাম পঞ্চায়েত এবং বিভিন্ন মন্ত্রক স্বচ্ছতা হি সেবা- নাগরিক পোর্টালে যঃঃঢ়ং://ংধিপযযধঃধযরংবাধ. পড়স/ লিঙ্কটি যুক্ত করেছে। বিশেষভাবে তৈরি এই তথ্যপ্রযুক্তি প্ল্যাটফর্মে নাগরিকরা তাঁদের নিকটবর্তী এলাকার স্বচ্ছতা সংক্রান্ত কর্মকাণ্ডের ছবি দেখতে পাবেন। তাঁরা নিজেরাও এখানে যোগদান করতে পারেন। শ্রমদানের ছবি তুলে তাঁরা এই পোর্টালে তা আপলোড করতে পারবেন। নাগরিক ও প্রভাবশালীদের এই আন্দোলনে যোগ দিয়ে স্বচ্ছতা দূত হিসেবে নেতৃত্বদানের আমন্ত্রণ জানিয়ে একটি পৃথক বিভাগও এই পোর্টালে খোলা হয়েছে। মন্ত্রী জানান, বিপুল সংখ্যক রেসিডেন্ট ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন শ্রমদানের কাজে এগিয়ে এসেছে। তারা প্রায় ১ লক্ষ আবাসিক এলাকাকে শ্রমদানের জন্য চিহ্নিত করেছে। গ্রামীণ গোষ্ঠীগুলি দেশজুড়ে প্রায় ৩৫ হাজার অঙ্গনওয়াড়ি কেন্দ্রে শ্রমদান কর্মসূচি পালন করার ইচ্ছা প্রকাশ করেছে। অসরকারি সংস্থা, বাজার সমিতি, স্বনির্ভর গোষ্ঠী, অন্যান্য গোষ্ঠী, ব্যবসায়িক সংগঠন, বেসরকারি

ক্ষেত্র সম্মিলিতভাবে ২২ হাজার বাজার এলাকা, ১০ হাজার জলাশয়, প্রায় ৭ হাজার বাসস্ট্যান্ড/টোল প্লাজা, প্রায় ১ হাজারটি গোশালা, ৩০০র কাছাকাছি চিড়িয়াখানা ও বন্যপ্রাণীর আবাসস্থল এবং অন্যান্য স্থানে স্বচ্ছতা অভিযান চালাবার প্রস্তুতি নিচ্ছে। মন্ত্রী বলেন, এই প্রথম সেনাবাহিনী, নৌসেনা ও বায়ুসেনা অসামরিক ব্যক্তিদের সঙ্গে একযোগে পরিচ্ছন্নতার কাজ চালাবে। আবর্জনাপূর্ণ স্থান, রেললাইন, ঐতিহ্যশালী ভবন, কুয়ো, দুর্গ প্রভৃতি পরিষ্কার করা হবে। বাবা রামদেবের পতঞ্জলি যোগপীঠ ও বিভিন্ন স্থানীয় সম্প্রদায় জাতীয় মহাসড়কের বিশাল এলাকা জুড়ে এই অভিযান চালাবে। আফরোজ শাহ ও সুদর্শন পট্টনায়েকের নেতৃত্বে বিভিন্ন গোষ্ঠী উপকূল এলাকায় পরিচ্ছন্নতার কাজ করবে। সুলভ ইন্টারন্যাশনাল গণ শৌচালয়গুলি পরিষ্কার করার দায়িত্ব নিয়েছে। বিভিন্ন সংগঠন সংগ্রহালয়, স্মারক সৌধ ও দুর্গগুলিতে পরিচ্ছন্নতা অভিযান চালাবে। স্কুলগুলিতে শ্রমদানের ইচ্ছাপ্রকাশ করেছে মাতা অমৃতানন্দময়ীর আম্মা ফাউন্ডেশন। উত্তরাখণ্ডে হিমালয়ের পাদদেশে স্বচ্ছতা অভিযান চালাবে প্রদীপ সাংওয়ানের হিলিং হিমালয়াজ। দেশের মন্দির এলাকাগুলিতে পরিচ্ছন্নতা অভিযান চালাতে এগিয়ে এসেছে ইস্কন। মঠ সংলগ্ন এলাকায় শ্রমদান করবে রামকৃষ্ণ মঠ ও মিশন। ফিকি, সিআইআই, ক্রেডাই-এর মতো বণিক সংগঠন এবং শ্রী সত্যসাই লোকসেবা, লায়ন্স ক্লাব, রোটারি ক্লাব, ইউনিসেফ, আগা খান ফাউন্ডেশনের মতো স্বেচ্ছাসেবী সংগঠনগুলিও এই অভিযানে যোগ দেবে। মন্ত্রী জানান, রাজ্যগুলির মধ্যে উত্তরপ্রদেশে ১ লক্ষ, মহারাষ্ট্রে ৬২ হাজারের বেশি, মধ্যপ্রদেশে ৫৭ হাজার, অন্ধ্রপ্রদেশে ৪০ হাজার, গুজরাটে ৩৫ হাজার এলাকা শ্রমদানের জন্য চিহ্নিত করা হয়েছে। কেন্দ্রীয় মন্ত্রীরা, সাংসদরা, বহু মুখ্যমন্ত্রী, মহানাগরিক, সরপঞ্চ ও রাজনৈতিক নেতারা নাগরিক নেতৃত্বাধীন এই পরিচ্ছন্নতা অভিযানে যোগ দেবেন।

দিল্লিতে এনডিএমসি, অসরকারি সংগঠন শ্রী শ্রী আর্ট অফ লিভিং এবং চিন্তন বস্তি ও অন্যান্য এলাকায় এই অভিযান চালাবে। দিল্লি পুর এলাকায় এজন্য ৫০০-র বেশি এলাকা চিহ্নিত করা হয়েছে। ন বছর আগে ২০১৪ সালে প্রধানমন্ত্রী স্বচ্ছতার লক্ষ্যে যে আহ্বান জানিয়েছিলেন তার উল্লেখ করে মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর সেই আহ্বানে সর্বস্তরের নাগরিক বিপুল উৎসাহ-উদ্দীপনার সঙ্গে যোগ দিয়েছিলেন। এর সুবাদে স্বচ্ছতা আমাদের জাতীয় আচরণের অঙ্গ হয়ে উঠে। ঘরে ঘরে স্বচ্ছ ভারত মিশনের নাম ছড়িয়ে পড়ে।

প্রধানমন্ত্রীর এবারের "এক তারিখ এক ঘণ্টা একসঙ্গে" আহ্বান, পরিচ্ছন্ন ভারতের লক্ষ্যে বিশ্বের বৃহত্তম স্বেচ্ছাশ্রম প্রয়াস হয়ে উঠতে পারে বলে হরদীপ সিং পুরী পরিশেষে মন্তব্য করেন। অন্যান্য বছরের মতো এবারও আবাসন ও নগরোন্নয়ন মন্ত্রক এবং পানীয় জল ও নিকাশী দপ্তর অন্যান্য কেন্দ্রীয় মন্ত্রকের সহযোগিতায় স্বচ্ছতা পক্ষ- স্বচ্ছতা হি সেবা পালন করছে। চলতি মাসের ১৫ তারিখ এই কর্মসূচির সূচনা হয়েছে। এবারের স্বচ্ছতা পক্ষের মূল ভাবনা আবর্জনামুক্ত ভারত। এই লক্ষ্যে বিভিন্ন গ্রাম, শহর, স্কুল, অঙ্গনওয়াড়ি, স্বাস্থ্যকেন্দ্র, রেলস্টেশন, বিমান বন্দর জুড়ে ব্যাপক প্রচারাভিযান চালানো হচ্ছে। এই ১৫ দিনের মধ্যে ৩১ কোটিরও বেশি মানুষ স্বচ্ছতা দৌড়, পরিচ্ছন্নতা অভিযান ও সচেতনতামূলক অনুষ্ঠানের মতো কার্যক্রমে যোগ দিয়েছেন। স্বচ্ছতা পদযাত্রা, স্বচ্ছতা শপথ, পথনাটিকা, রঙ্গোলি প্রতিযোগিতা, দেওয়াল চিত্র অঙ্কন, সৈকত পরিচ্ছন্নতা অভিযান, পর্যটন স্থল পরিচ্ছন্নতা অভিযান প্রভৃতির আয়োজন করা হয়েছে। প্রায় ৫ হাজার জনবহুল স্থান, ১ হাজার আবর্জনাপূর্ণ স্থান, ৫০০-র বেশি সমুদ্র সৈকত, ৬০০ জলাশয় এবং ৩০০-র বেশি পর্যটন স্থল আবর্জনামুক্ত করে তোলা গেছে।




ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২৬৯ সংখ্যা ৩০ সেপ্টেম্বর, ২০২৩ শনিবার ১২ আশ্বিন, ১৪৩০

## সম্পাদকীয়

# স্বচ্ছতা হি সেবা অভিযান' 'জন-আন্দোলন'-এর রূপ নিয়েছে

'বর্জ্যমুক্ত ভারত' নামে 'স্বচ্ছতা হি সেবা অভিযান' দেশজুড়ে গত ১৫ দিন ধরে উদযাপিত হচ্ছে। পরিচ্ছন্নতা গড়ে তোলাই হল এর মূল প্রতিপাদ্য বিষয়। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর স্বচ্ছতা অভিযানের ডাকে সাড়া দিয়ে এ পর্যন্ত প্রায় ৩২ কোটি মানুষ দেশব্যাপী এই অভিযানে যোগ দিয়েছেন। প্রতিদিন গড়ে ২ কোটি ৩০ লক্ষ মানুষ এতে অংশ নেন। এর মধ্য দিয়ে দেশের ঐক্য ও সঙ্কল্পবোধ প্রতিভাত হচ্ছে। এই জন-আন্দোলন নানাভাবে ফলদায়ক হয়েছে। দেশের ৭৫ শতাংশ গ্রাম উন্মুক্ত স্থানে শৌচমুক্ত গ্রাম হিসেবে চিহ্নিত হয়েছে বলে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী শ্রী গজেন্দ্র সিং শেখাওয়াত জানিয়েছেন। তার পাশাপাশি কঠিন ও তরল বর্জ্য নিষ্কাষণের ব্যবস্থা করা হয়েছে। এর মাধ্যমে পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধির প্রতি সরকারের অবিচল সঙ্কল্প ফুটে ওঠে।

যে ৩২ কোটি মানুষ গত ১৪ দিনে এই অভিযানে অংশ নিয়েছেন তাঁদের মধ্যে প্রায় ১৫ কোটি মানুষ শ্রমদানে অংশ নেন। ৫,৩০০ সমুদ্র সৈকত, ৪,৩০০ নদীর পাড় এবং জলখাতের পুনরুন্নয়ন ইত্যাদি এই কর্মসূচির আওতায় আনা হয়। এই প্রচুর সংখ্যক মানুষের অংশগ্রহণের মধ্য দিয়ে জন-আন্দোলনের যে শক্তি তা প্রকাশ পাচ্ছে এবং দ্রুত সামাজিক রূপান্তর ঘটাচ্ছে।

১৫ দিনব্যাপী এই পরিচ্ছন্নতা অভিযানের চূড়ান্ত রূপ প্রকাশ পাবে পয়লা অক্টোবর। 'এক তারিখ, এক ঘন্টা, এক সাথ' অর্থাৎ, সকাল ১০টার সময় ১ ঘন্টার জন্য পরিচ্ছন্নতার উদ্দেশ্যে স্বেচ্ছা শ্রমদান দেশজুড়ে বিভিন্ন স্থানে উদযাপিত হবে। সমাজের সমস্ত স্তরে পরিচ্ছন্নতার গুরুত্বকে তুলে ধরতে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 'মন কি বাত'-এর ১০৫তম অধ্যায়ে সমস্ত নাগরিকের কাছে পয়লা অক্টোবর সকাল ১০টার সময় ১ ঘন্টা স্বেচ্ছা শ্রমদানের আহ্বান জানিয়েছেন। গান্ধী জয়ন্তীর প্রাক্কালে 'বাপু'র প্রতি 'স্বচ্ছাঞ্জলি' প্রদর্শনে নাগরিকদের যৌথভাবে সামিল হতে বলেন তিনি।

সরকারের বিভিন্ন দপ্তর স্বচ্ছ ভারত অভিযানে অংশ নিচ্ছে। পর্যটন মন্ত্রক ১০৮টি স্থানে পরিচ্ছন্নতা অভিযানের অঙ্গ হিসেবে পরিচ্ছন্নতার জন্য জীবনশৈলী (LiFE) সংক্রান্ত ভ্রমণ কর্মসূচি গ্রহণ করেছে। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক দেশজুড়ে সমস্ত সিনেমা হল-এ পরিচ্ছন্নতার ওপর ভিডিও প্রদর্শন সুনিশ্চিত করেছে।

এই পরিচ্ছন্নতা অভিযানের আরও একটি উল্লেখযোগ্য দিক হল সাফাই কর্মীদের জন্য কল্যাণমূলক কাজের উদ্যোগ। তাঁদের জন্য স্বাস্থ্য পরীক্ষা শিবির, যোগ শিবির ইত্যাদির আয়োজন করা হয়। বহু সংখ্যক মহিলা একটি গ্রামকে বেছে নিয়ে সেখানে স্বেচ্ছায় শ্রমদান করছেন। স্কুল-কলেজের ছাত্রছাত্রীদের মধ্যেও এই অভিযান ব্যাপক সাড়া ফেলেছে।

জন-কর্মসূচির অঙ্গ হিসেবে স্বচ্ছতা শপথ, স্বচ্ছতা দৌড়, মানবশৃঙ্খল, অফিস ও সংলগ্ন এলাকায় পরিচ্ছন্নতা অভিযান, একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক বর্জন এবং বর্জ্যকে শূন্যে নামিয়ে নিয়ে আসার জন্য শপথ নেওয়া যার মধ্য দিয়ে পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর পরিবেশ গড়ে তোলা সম্ভব হয়।

'স্বচ্ছতা হি সেবা, ২০২৩' অভিযানে স্বেচ্ছা শ্রমদান এবং জনসাধারণের অংশগ্রহণের মধ্য দিয়ে দেশের একতা ফুটে উঠেছে। ব্যক্তি, সম্প্রদায় এবং সরকারি সংস্থার এক যৌথ অংশগ্রহণের মধ্য দিয়ে 'স্বচ্ছ ভারত মিশন' এক সফল এবং কার্যকরী ব্যবস্থা হিসেবে প্রকাশ পেয়েছে।

## এশিয়ান গেমস ২০২২-এ ৫০ মিটার

# রাইফেল থ্রি-পি বিভাগে পুরুষদের দলের স্বর্ণ পদক জয় উদযাপনে প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর, ২০২৩ : নিউজ সারাদিন :** হ্যাংঝাউ-তে এশিয়ান গেমস্ ২০২২-এ পুরুষদের দলগত ৫০ মিটার রাইফেল থ্রি-পি বিভাগে বিশ্ব রেকর্ড গড়ে সোনা জেতার জন্য প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী স্বপ্নিল কুসালে, ঐশ্বরী প্রতাপ সিং তোমার এবং অখিল শেওরান-কে অভিনন্দন জানিয়েছেন।

এক্স পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন, "এক অসাধারণ জয়, মর্যাদাপূর্ণ স্বর্ণ পদক এবং একটি বিশ্ব রেকর্ড! এশিয়ান গেমস-এ পুরুষদের ৫০ মিটার রাইফেল থ্রি-পি দলগত বিভাগে জয়ের জন্য স্বপ্নিল কুসালে, ঐশ্বরী প্রতাপ সিং তোমার এবং অখিল শেওরান-কে অভিনন্দন। তাঁরা ব্যতিক্রমী সংকল্প ও দলগত সংহতির পরিচয় রেখেছেন"।

## বাঙালি ধর্ম ও সমাজ সংস্কারক মহাপ্রভু চৈতন্যদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তৎকালে বাংলার সাহিত্য ও সংস্কৃত চর্চার অন্যতম পীঠস্থান ছিল এই নবদ্বীপ। নবদ্বীপ শহরটি বর্তমানে পশ্চিমবঙ্গের নদীয়া জেলার অন্তর্ভুক্ত এবং ১৮৬৯ খ্রিঃ প্রতিষ্ঠিত হয় অন্যতম প্রাচীন নবদ্বীপ পৌরসভা। ভাগীরথী ও জলঙ্গী নদীর মিলনস্থলের একপাশে রয়েছে যেমন নবদ্বীপ, তেমনি অপরপাশে মায়াপুর শহর।

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# প্রতিটি কণার মধ্যে ঈশ্বর আজও বিরাজমান



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)

রাজনৈতিক প্রতিযোগিতা সেই ৪৭' সাল থেকেই হচ্ছে। অনেকে বলেন, গান্ধীজীই প্রথম ধর্মকে ভারতের রাজনীতিতে নিয়ে আসেন। এটি নিয়েও বিতর্ক কম হয়নি। আপাতত বিতর্ক থাক, একটাই প্রত্যাশা, আমরা দেখা ভারতবর্ষের সাংস্কৃতিক ঐক্যকে রক্ষা করতে সচেতনতার শক্তি ও ঈশ্বরী আরাধনা আর সংঘটিত হয় একমাত্র পদক্ষেপ। তবে এই পদক্ষেপ গ্রহণ করার জন্যই আমাদের প্রয়োজন বুদ্ধি। আর বুদ্ধি বেঁচে থাকার জন্য একটা যন্ত্র মাত্র, আপনার জীবনের সীমিত একটা দিক। বেঁচে থাকাটা আবশ্যিক কিন্তু পরিপূর্ণ নয়। যদি আপনি জীবনের গভীরতর মাত্রাগুলোর মধ্যে যেতে চান, প্রথমেই আপনার দরকার প্রয়োজনীয় যন্ত্রপাতির। বর্তমানে আপনার জীবনের অভিজ্ঞতা শুধুমাত্র আপনার জ্ঞানেন্দ্রিয়ের মাধ্যমে- দর্শন, শ্রবণ, স্পর্শ, স্বাদ এবং গন্ধের দ্বারা। এগুলো দিয়ে, আপনি যা ভৌতিক তার বাইরে কোন কিছুই জানতে পারবেন না। আপনি মহা সমুদ্রের গভীরতা মাপতে পারেন না একটা ফুট স্কেলের সাহায্যে। আর এখন ঠিক সেটাই হচ্ছে মানুষের সঙ্গে। তারা জীবনের গভীরতর মাত্রাগুলোর দিকে অগ্রসর হচ্ছেন প্রয়োজনীয় যন্ত্রপাতি সঙ্গে না নিয়েই। তাই তারা ভুল সিদ্ধান্তে ঝাঁপ দিচ্ছেন।

মানুষ সিদ্ধান্তে ঝাঁপিয়ে পড়তে খুবই উৎসুক, কারণ একটা অভিমত ছাড়া তাদের নিজের বলতে আর কিছুই তো নেই। আপনি যাকে "আমি" বলেন, সেই ব্যক্তি বা ব্যক্তিত্ব হল জীবন সম্পর্কে উপনীত আপনার একগুচ্ছ সিদ্ধান্ত মাত্র। কিন্তু আপনি যে সিদ্ধান্তেই উপনীত হয়ে থাকুন না কেন, আপনার ভুল হতে বাধ্য - কারণ জীবন আপনার কোন সিদ্ধান্তের সঙ্গেই খাপ খায় না।

খুব সহজভাবে এটা দেখতে গেলে, কেবল একজন মানুষের দৃষ্টান্ত নিন। হয়তো কুড়ি বছর আগে আপনার সঙ্গে একজনের দেখা হয়েছিল এবং তখন সে যা করছিল, আপনার তা পছন্দ হয়নি। আপনি সিদ্ধান্ত উপনীত হয়েছিলেন যে সে ভালো মানুষ নয়। এখন ধরুন আপনার সাথে কুড়ি বছর পরে এই ব্যক্তির দেখা হল, সে হয়তো সব থেকে সুন্দর মানুষ হয়ে উঠেছে, কিন্তু আপনার মন আপনাকে এই মানুষটি এখন যেরকম ঠিক সেরকম ভাবেই তাকে উপলব্ধি করতে দেবে না। যে মুহূর্তে আপনি কোন একটি সিদ্ধান্তে উপনীত হন, আপনি আপনার বিকাশের পথ রুদ্ধ করেছেন; আপনি জীবনের সম্ভাবনা গুলোকে রুদ্ধ এবং বিনাশ করেছেন।

একটা আধ্যাত্মিক প্রক্রিয়ার অর্থ অন্য একগুচ্ছ সিদ্ধান্তে ঝাঁপিয়ে পড়া নয়। যখন আপনি কোন সিদ্ধান্তে উপনীত না হয়ে আপনার অস্তিত্ব বজায় রাখার সাহস রাখেন, প্রতিনিয়ত চোখ মেলে দেখতে ইচ্ছুক থাকেন, নিজের অস্তিত্বকে এই মহাজগতের এক ক্ষুদ্র কণা রূপে স্বীকার করতে ইচ্ছুক হন, তাহলেই আপনি অস্তিত্বের অসীমতা জানতে পারবেন।সেই সেই লক্ষ্যে বৈজ্ঞানিকরা ঈশ্বর কি তার পরীক্ষা নিরীক্ষা শুরু করেছিল ঈশ্বরিকণা রূপে। সেই ইতিহাস এই লেখার মধ্যে কিছুটা হলেও তুলে ধরতে চাইছি। সার্ন ল্যাবরেটরির বিজ্ঞানীরা আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন যে তারা পরম আরাধ্য ঈশ্বর কণার অস্তিত্ব শনাক্ত করতে পেরেছেন। এই সরকারী ঘোষণার মাধ্যমে আধুনিক পদার্থ বিজ্ঞানের নতুন দ্বার খুলে যায়। পুরো পৃথিবীজুড়ে খবরের শিরোনাম হয় এই ঘোষণাটি। বলা হয়ে থাকে বিজ্ঞানের সমস্ত অজানা রহস্যের জট একে একে খুলে যাবে এই ঈশ্বর কণার ছোঁয়ায়! আসলেই কি তা সম্ভব? এই কণা কি প্রমান করতে পারবে ঈশ্বরের অস্তিত্ব? নাকি ঈশ্বরতত্ত্বের বিপক্ষে বিজ্ঞানের নতুন যুক্তি হবে এটি? এইসব প্রশ্নের উত্তর, ঈশ্বর কণার ইতিহাস, আবিস্কার, কেন এই অদ্ভুত নামকরণ, কিভাবে কাজে লাগানো যেতে পারে এই মহামুল্য আবিস্কার- এসব নিয়েই আলোচনা করা হয়েছে এই লেখায়।

আলোচনার প্রথমেই যে বিষয়টির উপর পরিষ্কার ধারণা থাকে উচিত তা হচ্ছে ঈশ্বর কণা কি। মৌলিক কণাগুলোর ১টি শ্রেণী হচ্ছে "বোসন কণা", যার নামকরণ করা হয় অমিত প্রতিভাবান বাঙ্গালি পদার্থবিজ্ঞানি সত্যেন বসুর নামে। প্রথম দিকে ৪টি বোসন কনাকে মৌলিক কণাসমুহের গাণিতিক মডেলের অন্তর্ভুক্ত করা হয় যাদেরকে একত্রে গজ-বোসন কণা বলা হত। পরবর্তীতে, ১৯৬৪ সালে ব্রিটিশ পদার্থবিদ পিটার হিগস আর ৫ জন বিজ্ঞানীর সাহায্যে একটি বৈজ্ঞানিক গবেষণা পত্রে নতুন ১টি বোসন কণা সম্পর্কে ভবিষ্যদ্বাণী করেন যাকে হিগস-বোসন কণা নামে গাণিতিক মডেলে স্থান দেয়া হয়। এই হিগস-বোসন কণাই হচ্ছে ঈশ্বর কণা, যার নামকরণ করেন নোবেল বিজয়ী বিজ্ঞানী লিওন লেডারম্যান। অর্থাৎ ঈশ্বর কণা বা দি গড পার্টিকল হচ্ছে হিগস-বোসন কণার প্রচলিত ডাকনাম।

হিগস-বোসন কণার এই অদ্ভুত নামকরণ পরবর্তী সময়ে অনেক বিতর্কের সৃষ্টি করে। অনেকেই একে ঈশ্বরের অস্তিত্বের সাথে গুলিয়ে ফেলেন। কিন্তু এই নামকরণের আসল কারণটি সম্পূর্ণ ভিন্ন এবং একইসাথে অদ্ভুত ও মজার। হিগস-বোসন কণার তত্ব বের হওয়ার পর বিজ্ঞানীরা প্রাণান্ত চেস্টা শুরু করলেন এর অস্তিত্ব বের করার। কিন্তু সোনার হরিণের দেখা তো আর মিলে না! ত্যাক্ত-বিরক্ত হয়ে বিজ্ঞানীরা এই কণাকে "গডড্যাম পার্টিকল" (ইসসর-নিকুচি কণা) নামে ডাকা শুরু করলেন। সেই সময় বিজ্ঞানী লেডারম্যান এই কণার উপর একটি বই লিখলেন এবং তার নাম দিতে চাইলেন "দি গডড্যাম পার্টিকলঃ ইফ ইউনিভার্স ইজ দি আনসার, হোয়াট ইজ দি কোয়েশ্চেন?" অর্থাৎ, " ঈশ্বর-নিকুচি কণাঃ যদি মহাবিশ্ব এর উত্তর হয়, প্রশ্নটা কি?" কিন্তু বইটির সম্পাদক এবং প্রকাশক এতে "গডড্যাম" শব্দটি ব্যবহার করতে চাইলেন না, তার পরিবর্তে শুধু "গড" বসিয়ে দিলেন তারা। যার ফলে হিগস-বোসন কণা হয়ে যায় ঈশ্বর কণা। যদিও অনেক বিজ্ঞানী (বিশেষত বিজ্ঞানী হিগস) এই নামকরণের বিরোধিতা করেন এই ভেবে যে নামটি অনেকের ধর্মীও অনুভূতিতে আঘাত করতে পারে, কিন্তু এই নামটিই প্রচলিত হয়ে যায়।

সুতরাং এটা বুঝা গেল যে ঈশ্বর-তত্বের সাথে ঈশ্বর কণার কোন সম্পর্ক নেই। এর সম্পর্ক হচ্ছে ভরের সাথে এবং একে বিশ্বব্রহ্মাণ্ডের সৃষ্টি রহস্য উদঘাটনের সবচেয়ে উপযুক্ত ও শক্তিশালী মাধ্যম হিসেবে বিবেচনা করা হয়! যখন মৌলিক কণাসমূহের গাণিতিক মডেল তৈরি করা হয়, তখন কণাদের ভরের উৎস নিয়ে একটা অসামঞ্জস্যতা সৃষ্টি হয়। হিগস-বোসন কণাই হচ্ছে সেই নিয়ামক যা অনুতে ভরের সৃষ্টি করে। যে সমস্ত কণা ভরহীন অবস্থায় বিরাজ করে (ফোটন), ধরে নেয়া হয় তাদের সাথে ঈশ্বর কণার কোন সংযোগ নেই। সেই সাথে এটাও ধরে নেয়া হয়েছিল যে এই মহাবিশ্ব জুড়ে একটি অবিচ্ছিন্ন মাধ্যম আছে যা বিভিন্ন মৌলিক কণার ভরের জন্য দায়ী। এই মাধ্যমের নাম হচ্ছে হিগস-ফিল্ড বা হিগস-ক্ষেত্র, একে অনেকটা আলোকবিদ্যার ইথারের সাথে তুলনা করা যায়। তবে এই তুলনাটা শুধুমাত্র বুঝার সুবিধার জন্য, বাস্তবে হিগস-ফিল্ড এবং ইথার সম্পূর্ণ ভিন্ন দুটি ধারণা। সবচেয়ে বড় পার্থক্যটি হচ্ছে- পরবর্তীতে ইথারের অস্তিত্ব প্রমাণ করা যায়নি, তাই এই তত্বকে আর কাজে লাগানো যায়নি। কিন্তু হিগস-ফিল্ড যে অস্তিত্বশীল, তার স্বপক্ষে অনেকগুলো যুক্তি-প্রমাণ বের করা হয়েছে। আর এই হিগস-ফিল্ডের ক্ষুদ্রতম একক হচ্ছে হিগস-বোসন কণা বা প্রচলিত অর্থে ঈশ্বর কণা।

ঈশ্বর কণার কিছু স্বতন্ত্র ও অত্যন্ত অদ্ভুত বৈশিষ্ট্য আছে। যেমন আমরা জানি যে প্রত্যেক কণার জন্য একটি বিপরীত বৈশিষ্ট্য সম্পন্ন প্রতিকণা আছে (এন্টিমেটার)। কিন্তু এই কণার প্রতিকণা সে নিজেই, অর্থাৎ একে আয়নায় উল্টে দিলে একই বৈশিষ্ট্য দেখাবে। এ থেকে বুঝা যায় যে এর কোন ধনাত্মক বা ঋণাত্মক চার্জ নেই এবং ঘূর্ণন কোয়ান্টাম সংখ্যা শূন্য। কোন মৌলিক কণিকা ঠিক যতটুক ঘুরে আসলে প্রথম অবস্থার মত দেখায় তাকে কণাটির স্পিন (ঝ) বা ঘূর্ণন কোয়ান্টাম সংখ্যা বলে। যেহেতু ঈশ্বর কণা সবসময় একই রকম দেখায়, তাই এর কোন স্পিন নেই, বা স্পিন শূন্য। এই কণার ভর ধরা হয় ১১৪ থেক ১৮৫ গিগা ইলেকট্রন ভোল্ট (১ গিগা ইলেকট্রন ভোল্ট = ১.৮ ঢ ১৩-২৮ কেজি)। তবে এর সবচেয়ে অদ্ভুত বৈশিষ্ট্য হচ্ছে স্থায়িত্বকাল। একটি ঈশ্বর কণার অর্ধায়ু সর্বোচ্চ ১০ঁ-২৫ সেকেন্ড, অর্থাৎ ১ সেকেন্ডের দশ হাজার কোটি কোটি কোটি ভাগের এক ভাগ। এই সময়কাল যে কতটুক ক্ষুদ্র সেটা বোঝানর জন্য এটা বলা যেতে পারে যে একটা একক সময়ে যতগুলো ঈশ্বর কণা সৃষ্টি হয়, অই সময়টা পেরনোর আগেই তার অর্ধেক কণা বিলীন হয়ে যায়!

এখন যে প্রশ্ন মনে জাগতে পারে তা হল কি দিয়ে এই অদ্ভুত কণা তৈরি হয়! এটি এখনও একটি দুরূহ প্রশ্ন! তবে এটা বলা যায় যে ঈশ্বর কণা তৈরি হয়ার পর আপনাআপনিই ভেঙ্গে যায় এবং অনেকগুলো মৌলিক কণায় রুপান্তরিত হয়। প্রায় চল্লিশ বছর ধরে বিজ্ঞানীরা একে কৃত্তিমভাবে তৈরির প্রচেষ্টা চালিয়ে আসছিলেন, যা অবশেষে সফল হয় লার্জ হেড্রন কলিডারের মাধ্যমে। ১৯৯৮ থেকে ২০০৮, এই ১০ বছর ধরে একে নির্মাণ করা হয়। সুইজারল্যান্ডের জেনেভা শহরের অদূরে অবস্থিত হ্রদ এবং জুড়া পাহাড়ের মাঝখানে মাটির ১০০ মিটার গভীরে ২৭ কিঃমিঃ পরিধির একটি বৃত্তাকার সুড়ঙ্গ বানানো হয়। সেখানে হাজার হাজার প্রোটন ঝাঁক (এক ঝাঁকে ১০ হাজার কোটি প্রোটন) প্রায় আলোর বেগে প্রবাহিত করা হয়। এরকম সর্বোচ্চ গতিসম্পন্ন দুটি প্রোটন কণার সম্পূর্ণ মুখোমুখি সংঘর্ষের মাধ্যমে সৃষ্টি হয় ঈশ্বর কণা। তবে যত সহজে এখানে বলা হয়েছে, সৃষ্টির ব্যাপারটা তার থেকে কয়েক হাজার গুন কঠিন ও জটিল।তবে প্রথম পাত ।কলকাতা পশ্চিমবঙ্গ দেশবিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারাভিডিয়ো 'ঈশ্বর কণা'র আরও এক রূপ দেখতে পেল সার্না!

এক পলকের দেখা! খুব সামান্য সময়ের জন্য হলেও ঈশ্বরের সঙ্গে মোলাকাত হয়ে গেল সার্নের কণা পদার্থবিদদের!

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

cinema TV

## আবারও গুজব, অন্তঃসত্ত্বা নন ক্যাটরিনা



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** কয়েকদিন আগে গুঞ্জন উঠেছিল, মা হতে চলেছেন বলিউড অভিনেত্রী ক্যাটরিনা কাইফ। তবে সে খবর উড়িয়ে দিয়েছিলেন তিনি। সাম্প্রতি সব ধরনের পার্টি, পূজা বা যেকোনো আয়োজন থেকে নিজেকে দূরে রাখছেনে এই অভিনেত্রী। হঠাৎ করে জনসম্মুখে আসা বন্ধ করে দেওয়ায় নতুন করে গুঞ্জন উঠেছে, গর্ভবতী হওয়ায় নিজেকে আড়াল করছেন তিনি।

সাম্প্রতি শিল্পপতি মুকেশ আম্বানি এবং তার স্ত্রী নীতা আম্বানির আয়োজিত 'গণপতি উৎসব' উদযাপনেও হাজির হননি ক্যাটরিনা। তার অনুপস্থিতির কারণে অনেকেই অনুমান করতে শুরু করেছেন যে তিনি গর্ভাবস্থার কারণে স্পটলাইট এড়িয়ে চলেছেন।

তবে এবারও এই খবর শুধুই গুজব হিসেবে উড়িয়ে দিলেন ক্যাটরিনার সঙ্গে ঘনিষ্ঠ এক সূত্র। 'এ ধরনের কোনো গুজবের কোনো সত্যতা নেই। তিনি গর্ভবতী নন। তিনি গর্ভবস্থার কারণে জনসাধারণের স্পটলাইট এড়াচ্ছেন না। তিনি তার কাজ নিয়ে ব্যস্ত। এই মুহূর্তে তিনি নিজের প্রতিশ্রুতিবদ্ধ কাজেই অনেক ব্যস্ত রয়েছেন।

কিন্তু জনসম্মুখে কিংবা পাবলিক অনুষ্ঠানগুলোতে অভিনেত্রীকে দেখা যাচ্ছে না কেন—এমন প্রশ্নের জবাবে সেই সূত্র জানায়, 'তিনি কাজের জন্য মুম্বাইয়ের বাইরে ছিলেন। উৎসব শুরু হওয়ার মাত্র তিন-চার দিন আগে তিনি একটি শুটিংয়ের জন্য মুম্বাই ছেড়েছিলেন। তাকে বিমানবন্দরে দেখা যায়নি কারণ সে সত্যিই খুব তাড়াতাড়ি ফ্লাইট নিয়েছিল, যে কারণে তাকে প্যাপ করা হয়নি।'

তবে প্রতিবারই তা গুজব হিসেবে প্রমাণিত হয়েছে। এবারও ক্যাটরিনার অন্তঃসত্ত্বা হওয়ার গুঞ্জন শুধু গুজব হিসেবেই ঢাকা পড়তে চলেছে।

ক্যাটরিনাকে শিগগিরই সালমান খানের সঙ্গে 'টাইগার ৩'-এ দেখা যাবে। এরপর বিজয় সেতুপাতির সঙ্গে 'মেরি ক্রিসমাস'-এ দেখা যাবে তাকে।

## মা হচ্ছেন ঋতাভরী, জানালেন নিজেই!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** টলিউডের 'মিষ্টি নায়িকা' ঋতাভরী চক্রবর্তী। এবার মা হওয়ার খবর প্রকাশ্যে আনলেন তিনি নিজেই। বৃহস্পতিবার সন্ধ্যায় হঠাৎ জানালেন, মা হতে চলেছেন তিনি।

ঋতাভরী অন্তঃসত্ত্বা হওয়ার ঘোষণার পর এমনই সব প্রশ্ন ঘুরছে সবার মনে। অনেকেই আবার 'স্বামী' শব্দটি দেখে বিভ্রান্ত হয়েছেন। কখন কাকে বিয়ে করলেন ঋতাভরী?

আজ ফেসবুকে তিনি লিখেছেন, 'আমি এবং আমার স্বামী আজ অনেক খুশি। আমরা যৌথভাবে ঘোষণা করছি, আমি মা হতে চলেছি। আপনাদের আশীর্বাদ এবং ভালবাসা একান্ত কাম্য।'

চিকিৎসক তথাগত চট্টোপাধ্যায়ের সঙ্গে সম্পর্কে ছিলেন তিনি। বিয়ের কথাও চলছিল তাদের। নিজের মুখে সেকথা সংবাদমাধ্যমকে জানিয়েছিলেন নায়িকা। কিন্তু তারপরেই রটে যায় বিচ্ছেদ হয়ে তাদের। যদিও এই রটনা নিয়ে নিয়ে মুখ খুলেছিলেন দুজনেই সেই সময়।

তথাগত এক বিবৃতিতে জানিয়েছিলেন, 'আমার ব্যক্তিগত সম্পর্কের বিষয়ে আমার পরিবারের মতামতের খবর সম্পূর্ণ ভিত্তিহীন। আমার পরিবার খোলা মনের। যেখানে আমাদের প্রত্যেকের অধিকার আছে নিজেদের সিদ্ধান্ত নেওয়ার। এবং আমাদের ব্যক্তিগত সম্পর্কে কেউ হস্তক্ষেপও করে না। ঋতাভরীকে আমাদের পরিবারের সকলে ভালোবাসে। আমরা শান্তিতে আমাদের ব্যক্তিগত জীবনযাপন করছি। দয়া করে আমাদের একা ছেড়ে দিন।'

আর তথাগতর পোস্ট শেয়ার করে ঋতাভরী লিখেছিলেন, সব সংবাদদাতাদের কাছে অনুরোধ একটু সঠিক খবর দিন আর হলুদ সাংবাদিকতা বন্ধ করুন। বেশি ক্লিক পাওয়ার জন্য যা ইচ্ছে লিখে দেবেন না।

## পরিণীতি-রাঘবের ছবি প্রকাশ্যে আসতেই কটাক্ষ!





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** রবিবার গোধূলি লগ্নে সাত পাকে বাঁধা পড়েছেন বলিউড অভিনেত্রী পরিণীতি চোপড়া ও আম আদমি পার্টির সংসদ সদস্য রাঘব চাড্ডা। তারপর প্রায় গোটা সন্ধ্যা কেটে গেছে তখনও প্রকাশ্যে আসেনি নবদম্পতির বিয়ের ছবি। একটা লম্বা সময় পর মাঝরাতে এল রাঘব-পরিণীতির প্রথম ছবি। যদিও বিয়ের ছবি এসেছে সোমবার সকালে। মাঝরাতে ছবিটি ছিল তাদের 'রিসেপশন পার্টি'র। গোলাপি সিমারি শাড়িতে পরিণীতি, খুব বেশ রূপটানের ছোঁয়া নেই। গলায় চোকার, সিঁথিতে চিলতে সিঁদুর ও হাতে গোলাপি চূড়া। স্ত্রীকে বাহুডোরে আগলে দাঁড়িয়ে রয়েছেন রাঘব। অভিনেত্রীর এই ছবি দেখেই কটাক্ষের শুরু। নেটিজেনরা মোটেও ভালভাবে নেননি অভিনেত্রীর এমন হালকা সাজপোশাক।



বিয়ের পোশাক হবে প্যাস্টেল রঙের। বলিউডে এই প্রথা শুরু করেন আনুশকা শর্মা। তারপর একে একে সব অভিনেত্রীই প্রায় সেই পথে হেঁটেছেন। যেমন আলিয়া ভাট, কিয়ারা আদভানি, পরিণীতি চোপড়া। তবে আনুশকা ও আলিয়ার পোশাক ছাড়া এমন হালকা রঙের লেহঙ্গায় নতুন কনে বেমানান বলেই মনে করেছেন অধিকাংশ নেটাগরিক। তাই কিয়ারা আদভানি বিয়ে ও রিসেপশনের সাজপোশাক নিয়ে যেমন কটাক্ষ হয়েছিল। সেই একই ঘটনার পুনারবৃত্তি হল পরিণীতির ক্ষেত্রে। বিয়ে মানেই যে ভারী গয়না, খুব ঝলমলে পোশাক তার বাইরে গিয়ে সাদামাটা সাজেই আস্থা রাখছেন অভিনেত্রীরা সেটা আবার নেটাগরিকদের বিশেষ মনে ধরেনি। তাই কেউ পরিণীতির উদ্দেশে লিখেছেন, "কে বলবে ইনি নতুন কনে।"

কেউ আবার লিখেছেন, "এত সাদামাটা সাজ মনেই হচ্ছে না নতুন বিয়ে হয়েছে।"

যদিও এর মাঝেই অভিনেত্রীর পক্ষ নিয়েছে একাংশ। তারা আবার পরিণীতির হয়ে জবাব দিয়েছেন ট্রোলারদের। দুপুরে বিয়ে, রাতে রিসেপশন, তাই এত তাড়াহুড়োর মাঝে হয়তো খুব বেশি সাজগোজের সময় পাননি অভিনেত্রী এমনই ধারণা একাংশের। রবিবার ধুমধাম করে বিয়ের পর সোমবার দুপুর নাগাদ স্বামীর হাত ধরে দিল্লির উদ্দেশে রওনা দিয়েছেন অভিনেত্রী।

## মা হলেন স্বরা ভাস্কর



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মা হয়েছেন বলিউড অভিনেত্রী স্বরা ভাস্কর। গত শনিবার কন্যা সন্তানের জন্ম দিলেও সুখবরটি স্বরা ইনস্টাগ্রামে জানালেন সোমবার সন্ধ্যায়। শোনা যাচ্ছে, সুফি সন্ত রাবিয়া বাসরির নামেই সন্তানের নামকরণ করেছেন স্বরা এবং ফাহাদ আহমেদ। সোমবার সদ্যোজাতের সঙ্গে বেশ কিছু পারিবারিক ছবি ভাগ করে নিলেন স্বরা। সকলের কাছে আশীর্বাদও চেয়ে নিলেন অভিনেত্রী।

এর আগে, গত বছরের ফেব্রুয়ারিতে এক প্রকার কোনো ঘোষণা ছাড়াই রাজনীতিবিদ ও সমাজকর্মী ফাহাদ আহমেদের সঙ্গে গাঁটছড়া বেঁধেছেন বলিউড অভিনেত্রী। তারপর মার্চ মাসে বিয়ের সামাজিক অনুষ্ঠান। গায়েহলুদ থেকে মেহেন্দি, সংগীত-স্বরা ও ফাহাদের বিয়েতে আয়োজন ছিল সব অনুষ্ঠানের।

এ ছাড়াও একাধিক রিসেপশনের আয়োজন করেছিলেন দম্পতি। বিয়ের কয়েক মাস পরে গত জুনে সামাজিকমাধ্যমে স্বরা ঘোষণা করেন, তিনি সন্তানসম্ভবা। অবশেষে স্বরা এবং ফাহাদের ঘর আলো করে এলো কন্যা সন্তান।

## পিএসজির দুর্দান্ত
# জয়ের দিনে এমবাপ্পের চোট



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : লিগ ওয়ানে রোববার রাতে মার্শেইর বিপক্ষে নেমেছিল বর্তমান চ্যাম্পিয়নরা। দুর্দান্ত ম্যাচ উপহার দিয়ে ৪-০ ব্যবধানে ম্যাচও জিতে নিয়েছে তারা। কিন্তু পিএসজি সমর্থকদের জন্য দুঃসংবাদ হলো, এই ম্যাচে চোটের শিকার হয়ে মাঠ ছাড়তে হয়েছে দলটির তারকা কিলিয়ান এমবাপ্পেকে। জোড়া গোল করেছেন গনসালো রামোস আর একটি করে গোল করেছেন হাকিমি এবং কোলো মুয়ানি।

ম্যাচের ৮ মিনিটে এমবাপ্পেকে ডি-বক্সের কিছুটা বাইরে ফাউল করে মার্শেই ডিফেন্ডার। সেখান থেকে ফ্রি কিকে গোল করে দলকে এগিয়ে দেন আশরাফ হাকিমি। সেই ফাউলের পর থেকেই অস্বস্তি দেখা যায় এমবাপ্পের চোখে-মুখে। শেষ পর্যন্ত ম্যাচের ৩২ মিনিটেই মাঠ থেকে উঠিয়ে নেয়া হয় ফরাসি তারকা এমবাপ্পেকে। তার বদলি হিসেবে নামেন পর্তুগিজ স্ট্রাইকার গনসালো রামোস। ম্যাচের ৩৭ মিনিটে কোলো মুয়ানি গোল করে ব্যবধান আরও বাড়িয়ে দেন। এই দুই গোলে লিড নিয়েই বিরতিতে যায় পিএসজি।

৪৭ মিনিটে ব্যবধান বাড়ান গনকালো রামোস। উসমান দেম্বেলের পাস পেয়েই সহজে বল জালে জড়ান রামোস। এরপর ম্যাচের অন্তিম মুহূর্তে কাউন্টার অ্যাটাক থেকে হেডে এক দুর্দান্ত গোল করেন সেই রামোস।

৪-০ ব্যবধানে জিতে টেবিলের তিনে উঠে এলো পিএসজি। আর এই হারে টেবিলের সাতে অবস্থান করছে অলিম্পিক মার্শেই। ৬ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে টেবিলের শীর্ষে রয়েছে ব্রেস্ট।

## মাদ্রিদ ডার্বিতে
# অ্যাটলেটিকোর মাঠে উড়ে গেল রিয়াল



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : স্প্যানিশ লা লিগার চলতি আসরে প্রথম মাদ্রির ডার্বি দেখল ফুটবলপ্রেমীরা। মাদ্রিদ ডার্বিতে নিজেদের সবটা উজাড় করে দিলেও সফল হয়নি রিয়াল মাদ্রিদ। অ্যাটলেটিকোর মাঠ সিভিটাস মেট্রোপোলিটানোয় গিয়ে রীতিমত বিধ্বস্ত হয়ে এসেছে রিয়াল। মোরাতার জোড়া গোলে ৩-১ গোলের ব্যবধানে হেরেছে রিয়াল।

ম্যাচের চতুর্থ মিনিটেই রিয়ালকে স্তব্ধ করে দেন আলভারো মোরাতা। স্যামুয়েল লিনোর ক্রস থেকে হেড করে রিয়ালের জালে জড়িয়ে দেন তিনি। ১৮ মিনিটে লিড ডাবল করেন আন্তোনিও গ্রিজম্যান। সাউল নিগুয়েজের ক্রস থেকে হেড করে ব্যবধান বাড়ান ফরাসী তারকা গ্রিজম্যান। ম্যাচের ৩৫ মিনিটে রিয়ালের হয়ে স্বস্তির গোল করেন জার্মান মিডফিল্ডার টনি ক্রস। দ্বিতীয়ার্ধের শুরুতে আবারও রিয়ালের জাল লক্ষ্যভেদ করলেন আলভারো মোরাতা। ৪৬ মিনিটে সাউল নিগুয়েজের আরও একটি ক্রস থেকে হেডে গোল করেন মোরাতা। এতে ম্যাচে ৩-১ গোলে এগিয়ে যায় স্বাগতিকরা। এরপর খেলায় গতি বাড়ায় রিয়াল মাদ্রিদ। একের পর এক আক্রমণ করে অ্যাটলেটিকো শিবিরে। কিন্তু অধরা সেই গোলের দেখা পায়নি দলটি।

# যে রেকর্ড গড়ে আপ্লুত ইমরান তাহির



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : ৪৪ বছর বয়সে শিরোপা জিতে রেকর্ড খাতায় নিজের নাম লেখালেন সাউথ আফ্রিকান স্পিনার ইমরান তাহির। আবেগ সামলাতে না পেরে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে কেঁদেই ফেললেন তিনি। ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগে তাহিরের দল গায়ানা অ্যামাজন ওয়ারিয়র্স শিরোপা জিতেছে। এর আগে পাঁচবার ফাইনাল খেলেছে গায়ানা, তবে একবারও শিরোপা জেতা হয়নি। ষষ্ঠবারে তাহিরের হাত ধরে শিরোপার জিতল দলটি। ৪৪ বছর বয়সী এই অধিনায়ক অসাধ্য সাধন করে দেখালেন। কিন্তু তাহিরকে দায়িত্ব দিয়ে বেশ হাস্যরসের মুখে পড়েছিল গায়ানা। ম্যাচ শুরুর সময় তাহিরের বয়স ছিল ৪৪ বছর ১৮১ দিন। ফলে তিনি টপকে গেছেন গ্যারেথ বাটিকে। ২০২০ সালে টি-টোয়েন্টি ব্লাস্টের ফাইনালে নটিংহামশায়ারের বিপক্ষে সারেকে নেতৃত্ব দিয়েছিলেন ব্যাটি, সে দিন তার বয়স ছিল ৪২ বছর ৩৫৭ দিন। সব মিলিয়ে সবচেয়ে বয়সী ক্রিকেটার হিসেবে কোনো টি-টোয়েন্টি টুর্নামেন্ট বা লিগের ফাইনাল খেলার রেকর্ডটি লুক্সেমবার্গের টনি হোয়াইটম্যানের। ২০২০ সালে কনটিনেন্টাল কাপে লুক্সেমবার্গের হয়ে রোমানিয়ার বিপক্ষে খেলেছিলেন ৫২ বছর ১০৪ দিন বয়সী হোয়াইটম্যান।

## শচীনের ২৫ বছর আগের রেকর্ড
# ভাঙার বড় সুযোগ শুভমানের



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : এক ক্যালেন্ডার বছরে ওয়ানডে ক্রিকেটে ১৮৯৪ রানের বিশ্ব রেকর্ড দখলে রেখেছেন ভারতের কিংবদন্তী ক্রিকেটার শচীন টেন্ডুলকার। শচীন টেন্ডুলকারের এই রেকর্ড ভাঙতে ৬৬৫ রান দূরে রয়েছেন স্বদেশি ক্রিকেটার শুভমান গিল। ২০২৩ সালে শুভমান গিল ৭২.৩৫ এর গড়ে ১২৩০ রান করেছেন। তিনি ১০৫ রানের স্ট্রাইক রেটে এই রান করেছেন। এই রানের কাছে পৌঁছে ছিলেন শুধুমাত্র রিকি পন্টিং। ২০০৭ সালে ৭৯.১১ রেটে ১৪২৪ রান করেছিলেন তিনি। ২০১৭ সালে ৭৬.৮৪ রেটে ১৪৬০ রান করেছিলেন বিরাট কোহলি। এক বছরে উচ্চতর গড়ে বেশি রান পেয়েছেন তিনি। শুধুমাত্র ডেভিড ওয়ার্নার ২০১৬ সালে ১০৫.৪ স্ট্রাইক রেটে ১৩৮৮ দ্রুত হারে আরও রান করেছিলেন। ১৯৯৮ সালে শচীন টেন্ডুলকার এক ক্যালেন্ডার বর্ষে ১৮৯৪ রান করে বিশ্ব রেকর্ড গড়েছিলেন। গিলের সামনে সেটাই এখন বড় চ্যালেঞ্জ।

বিশ্বকাপে ভারত আরও একবার অস্ট্রেলিয়ার বিরুদ্ধে এবং তারপর নয়টি লিগ ম্যাচ খেলবে। যদি তারা নকআউটের জন্য যোগ্যতা অর্জন করে তবে আরও একটি বা দুটি খেলা খেলবে। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে তিনটি ওয়ানডেও খেলবে ভারত। যদি গিল ফিট থাকে এবং ভারত তাকে বিশ্রাম না দেয় এবং অপ্রত্যাশিত কিছু না ঘটে তবে তিনি টেন্ডুলকারকেও টপকে যেতে পারেন। কমপক্ষে ১৩টি ওয়ানডে খেলার সুযোগ পাবেন গিল। এটি করার জন্য তাকে প্রতি ম্যাচে ৫১ রানের বেশি স্কোর করতে হবে। তবে বছরের প্রথম দিকে তার বর্তমান গড় উল্লেখযোগ্যভাবে কম।

যদি গিল এটা না করতে পারেন তাহলে সম্ভবত কেউ করতে পারবেন না। বিশ্বব্যাপী করোনার অতিমারীর পর গিলই একমাত্র ব্যাটসম্যান যিনি একক ক্যালেন্ডার বছরে ওয়ানডেতে ১০০০ রানের সীমা টপকে ছিলেন। ১৯৯৬ এবং ২০১৯ এর মধ্যে এমন একটি বছর ছিল না যেখানে অন্তত একজন ব্যাটার হাজার রানের পরিসংখ্যান টাচ করেননি। এই ২৪ বছরে মোট ১২৮ জন এখানে পৌঁছে ছিলেন। শুধুমাত্র ২০১৯ সালে-গত প্রাক-অতিমারী বছরে ছয়জন পুরুষ ক্রিকেটার ১০০০ রানের লাইন ক্রস করেছিলেন। যার মধ্যে তিনজন ছিলেন যারা ১৩০০ রান টপকে ছিলেন।

## আশরাফুলের বিশ্বকাপ দলে
# জায়গা পেলেন কারা?



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : ঘনিয়ে আসছে ওয়ানডে বিশ্বকাপ। দুই সপ্তাহ পর ভারতে শুরু হবে ক্রিকেট মহাযজ্ঞ। চূড়ান্ত প্রস্তুতি নিয়ে ফেলেছে দলগুলো। কয়েকটি দেশ স্কোয়াডও ঘোষণা করেছে। যদিও বাংলাদেশ এখন পর্যন্ত চূড়ান্ত স্কোয়াড ঘোষণা করেনি। আজ ঘোষণা করবে। কেননা বিশ্বকাপের দু'টি প্রস্তুতি ম্যাচ খেলতে আগামীকাল ঢাকা ছাড়বে সাকিব বাহিনী। আসামের গৌহাটিতে ২৮ সেপ্টেম্বর শ্রীলঙ্কা ও ২ অক্টোবর বিশ্বচ্যাম্পিয়ন ইংল্যান্ডের বিপক্ষে খেলবে। বিশ্বকাপ শুরু ৫ অক্টোবর এবং বাংলাদেশের প্রথম ম্যাচ ৭ অক্টোবর ধর্মশালায় আফগানিস্তানের বিরুদ্ধে।

মোহাম্মদ আশরাফুল তার ব্যক্তিগত মতামতের ভিত্তিতে একটি স্কোয়াড বানিয়েছেন। আশরাফুলের ১৫ জনের এই স্কোয়াডে ওপেনার হিসেবে আছেন তামিম ইকবাল এবং লিটন দাস। আর বিকল্প ওপেনার হিসেবে তানজিদ হাসান তামিমকে স্কোয়াডে রেখেছেন সাবেক এই ক্রিকেটার। তিন ওপেনারের সঙ্গে টপ অর্ডারে আছেন নাজমুল হোসেন শান্ত।

মিডল অর্ডারে আছে বেশ কিছু অভিজ্ঞ নাম। সাকিব আল হাসান, মুশফিকুর রহিম, মাহমুদুল্লাহ রিয়াদের সঙ্গে আছেন তরুণ তাওহীদ হৃদয়। স্পিন বোলিং অলরাউন্ডার হিসেবে আছেন দুই মেহেদি-শেখ মেহেদি ও মিরাজ।

দলে একমাত্র বিশেষজ্ঞ স্পিনার নাসুম আহমেদ। আর পেস ইউনিটে আছেন চারজন-তাসকিন আহমেদ, শরিফুল ইসলাম, হাসান মাহমুদ ও মুস্তাফিজুর রহমান।

এই ১৫ জনের সঙ্গে ট্রাভেলিং রিজার্ভ হিসেবে আছেন আরও ৩ জন। এই তালিকায় জায়গা পেয়েছেন-তানজিম হাসান সাকিব, সৈয়দ খালেদ আহমেদ ও রিশাদ হোসেন।

তামিম ইকবাল, নাজমুল হোসেন শান্ত, সাকিব আল হাসান, লিটন দাস, মাহমুদুল্লাহ রিয়াদ, তাওহীদ হৃদয়, মুশফিকুর রহিম, মেহেদী হাসান মিরাজ, শেখ মেহেদী হাসান, নাসুম আহমেদ, তাসকিন আহমেদ, মুস্তাফিজুর রহমান, হাসান মাহমুদ, শরিফুল ইসলাম ও তানজিদ হাসান তামিম। রিজার্ভ : তানজিম হাসান সাকিব, সৈয়দ খালেদ আহমেদ ও রিশাদ হোসেন।

## কাটল জট, ভারতীয় ভিসা পেল
# পাকিস্তান ক্রিকেট দল



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : পাকিস্তানের ভিসা সমস্যা অবশেষে মিটে গেল। ওয়ানডে বিশ্বকাপ খেলতে বুধবার ভারতে যাওয়ার কথা পাকিস্তানের। তবে ভিসা জটিলতার কারণে সবকিছুই ছিল অনিশ্চিত। শেষ পর্যন্ত জট কেটেছে। ভারতীয় ভিসা মিলে গেছে বাবর আজমদের। যদিও এখনো বাবররা ভারতীয় ভিসা হাতে পাননি।

বেশ কিছু দিন ধরেই ভিসা সমস্যায় ভুগছিল পাকিস্তান। বিশ্বকাপ খেলতে আসবেন বাবররা। অন্য সব দেশ ভিসা পেলেও পাকিস্তানের পেতে দেরি হয়। সেই সমস্যার কারণে দুবাই গিয়ে বিশেষ প্রস্তুতিও করতে পারেননি বাবররা। দুবাইয়ে দু'দিন থাকার কথা ছিল পাকিস্তানের। কিন্তু সেটা হয়নি। বুধবার লাহোর থেকে দুবাই গিয়ে হায়দরাবাদে আসবে পাকিস্তান। সেখানে নিউজিল্যান্ডের বিপক্ষে শুক্রবার প্রস্তুতি ম্যাচ খেলার কথা বাবরদের।

সোমবার পাকিস্তান ক্রিকেট বোর্ডের পক্ষ থেকে আইসিসির কাছে অভিযোগ জানানো হয়। তার পরেই ভিসা সমস্যা মিটেছে বলে সূত্রের খবর। সোমবার শেষ মুহূর্তে ভিসার অনুমতি পাওয়া গেছে। যদিও এখনও সেই ভিসা হাতে পাননি বাবররা। মঙ্গলবার তা পেতে পারেন ক্রিকেটাররা।

শুরুতে ভিসা না পাওয়ায় পাকিস্তানের প্রস্তুতিতে প্রভাব পড়েছে। দুবাই গিয়ে দলের বিশেষ প্রস্তুতির পরিকল্পনা বাতিল করতে হয়েছে পাকিস্তানকে। ৫ অক্টোবর থেকে শুরু বিশ্বকাপ। ভারতে খেলতে আসার ভিসার জন্য এখনও অপেক্ষায় ছিলেন বাবররা। বিশ্বকাপের আগে দুটি প্রস্তুতি ম্যাচ খেলার কথা তাদের। প্রথম প্রস্তুতি ম্যাচ ২৯ সেপ্টেম্বর।

## রোমেরোর জোড়া ভুলের
# মাশুল দিয়েও সমতা স্পার্সদের



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : আর্সেনাল ও টটেনহ্যামের লন্ডন ডার্বি মানেই উত্তাপের ম্যাচ। মৌসুমের প্রথম ওই ডার্বিতে উত্তাপ ছড়িয়েছে দুই দল। আক্রমণ-প্রতিআক্রমণ ও গোলের লড়াই দেখিয়েছে। আছে স্পার্সদের কামব্যাকের গল্পও। তবে লড়াই শেষ হয়েছে ২-২ গোলের সমতায়। রোববার ঘরের মাঠ ইমিরেটস স্টেডিয়ামে দাপুটে শুরু করে লিড আদায় করে নেয় আর্সেনাল। তবে গোলে বুকোয়াকা সাকার সমান অবদান টটেনহ্যাম ডিফেন্ডার ক্রিস্টিয়ান রোমেরোর। সাকার নেওয়া শট তার পায়ে লেগে ঢুকে যায় গোলে। প্রথমার্ধে ওই গোল শোধ করে দেয় স্পার্সরা। দক্ষিণ আফ্রিকান ফুটবলার সন হিউয়েন মিন ম্যাচের ৪২ মিনিটে দারুণ এক গোলে দলকে সমতায় ফিরিয়ে প্রথমার্ধ শেষ করেন। দ্বিতীয়ার্ধের ৫৪ মিনিটে আবার লিড নেয় আর্সেনাল। এবারও দোষ আর্জেন্টাইন ডিফেন্ডার রোমেরোর। বক্স থেকে বেন হোয়াইটের নেওয়া শট লাফিয়ে ফেরাতে গেলে তা লাগে রোমেরোর হাতে। ভিএরআর চেক করে পেনাল্টির বাঁশি বাজান রেফারি। গানারদের ২-১ ব্যবধানে এগিয়ে নেন সাকা। এক মিনিট পরই দারুণ এক কাউন্টার অ্যাটাকে ওই গোল শোধ করে দেন স্পার্সদের নেতৃত্বভার পাওয়া প্রথম এশিয়ান ফুটবলার সন মিন। দল সমতা নিয়ে মাঠ ছাড়লেও রোমেরো এক বাজে কীর্তি গড়েছেন। প্রিমিয়ার লিগের ১১তম ফুটবলার হিসেবে একই ম্যাচে আত্মঘাতী গোল ও পেনাল্টি উপহার দিয়েছেন তিনি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR